| সেশন সমূহ | ১. গণকর্মচারী (নিয়মিত উপস্থিতি) বিধিমালা, ২০১৯ | ১. সরকারী দপ্তরে বিভিন্ন প্রকার রেজিষ্টার ব্যবস্থাপনা | ১. পত্রজারি, পত্রগ্রহণ, নথি (সিগন, প্রেরণ, গ্রহণ, চলাচল) গুপিয়নবুক |
| | ২. ছুটি বিধিমালা | ২. অফিসে উর্ধতন কর্মকর্তা ও দপ্তরে আগত ব্যক্তিবর্গের সাথে ব্যবহার | ২. শিষ্ঠাচার ও সৌজন্যবোধ |
| | ৩. Zoom platform | ৩. নৈতিকতা, মুল্যবোধ এবং সুশাসন | ৩. বাসা বরাদ্দ বিধিমালা, ১৯৮২ |
| | ৪. সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা, ২০১৮ | ৪. জাতীয় ওয়েবপোর্টাল ব্যবহার | ৪. এসডিজি |
| | ৫. গণকর্মচারী (সাজাপ্রাপ্তিতে বরখাস্ত) অধ্যাদেশ, ১৯৮৫ | ৫. সামাজিক নিরাপত্তা বেষ্টনী | ৫. চাকুরীর রেকর্ড সংরক্ষণ |

| | অক্টোবর/২০ | নভেম্বর/২০ | ডিসেম্বর/২০ |
|---|---|---|---|
| সেশন সমূহ | ১. কর্মক্ষেত্রে নারী কর্মীর সাথে ব্যবহার | ১. পেনশন বিধিমালা | ১. সাইবার সিকিউরিটি অ্যাওয়ারনেস |
| | ২. কর্মচারিদের দায়িত্ব ও কর্তব্য এবং গ্যাস, পানি ও বিদ্যুতের অপচয়রোধক দায়িত্ব সম্পর্কে ধারণা | ২. উন্নয়নের অগ্রযাত্রায় বাংলাদেশ | ২. গণকর্মচারী (অবসর) বিধিমালা, ১৯৭৫ |
| | ৩. ক. দাপ্তরিক সভা এবং অতিথি আপ্যায়নের জন্য চা-নাস্তা ও পানীয় সরবরাহ বিষয়ে করনীয়<br>খ. অফিস পরিষ্কার পরিচ্ছন্নতা | ৩. গ্রুমিং অফ নাটা স্টাফস | ৩. ডেল্টাপ্লান ২১০০ |
| | ৪. ক) সাময়িক বরখাস্ত<br>খ) সরকারী গোপন আইন, ১৯২৩ | ৪. দাপ্তরিক কাজে টিমওয়ার্ক | ৪. পেনশন সহজীকরণ নীতিমালা |
| | ৫. তথ্য অধিকার আইন - ২০০৯ | ৫. রোল অব কমিউনিকেশনস | ৫. বাংলাদেশ: প্রেক্ষিত মুজিববর্ষ |

| | জানুয়ারি/২১ | ফেব্রুয়ারি/২১ | মার্চ/২১ |
|---|---|---|---|
| সেশন সমূহ | ১. কোভিড কালীন মাননীয় প্রধানমন্ত্রীর উত্থাপিত প্রতি ইঞ্চি জমির সদ্ব্যবহার | ১. কোভিড-১৯ এবং বাংলাদেশ প্রেক্ষাপট: করোনা টিকা কর্মসূচি | ১. ভ্রমন ভাতা (ব্যবহারিক) |
| | ২. অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনা ও ভিশন-২০২১ | ২. Use of Email & Internet | ২. VAT Rules |
| | ৩. সরকারী চাকুরীতে স্বচ্ছতা, জবাবদিহিতা ও নিয়মানুবর্তিতা | ৩. সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ | ৩. Self Tax Assessment and Income Tax Return Preparation |
| | ৪. সরকারী কর্মচারী (চিকিৎসা সুবিধা) বিধিমালা, ১৯৭৪ | ৪. আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা ২০১৮ | ৪. অর্জিতছুটি (ব্যবহারিক) |
| | ৫. সরকারী কর্মচারী হিসেবে জনস্বার্থে আপনার করণীয় | ৫. উদ্বুদ্ধকরণের মাধ্যমে কর্মচারীদের কর্মদক্ষতা বৃদ্ধি | ৫. General Provident Fund, Benevolent Fund and Group Insurance Rules |

| | এপ্রিল/২১ | মে/২১ |
|---|---|---|
| সেশন সমূহ | ১. Global Village | ১. কোভিড কালীন ডিজিটাল মার্কেটিং |
| | ২. How to behave with Service recipient & Media | ২. জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা |
| | ৩. সিটিজেন চার্টার | ৩. কোভিড কালীন রোগ প্রতিরোধে মৌসুমী ফলের ভূমিকা |
| | ৪. Inquiry Procedure of Departmental Cases | ৪. সরকারী দপ্তরে বার্ষিক বাজেট প্রণয়ন প্রক্রিয়া |
| | ৫. আইন ও বিচারিক গুরুত্বপূর্ণ শব্দ ও তার ব্যাখ্যা | ৫. কোভিড কালীন হোম গার্ডেনিং ও রুফটপ গার্ডেনিং |

**উপযুক্ত বিষয়ে প্রশিক্ষণ নিয়ে কর্মচারীরা যেসব বিষয়ে অভিজ্ঞ ও পারদর্শী হয়ে উঠে তা হলো ঃ**

❖ সংস্থার কাজের ধারা সম্পর্কে বিস্তৃত ধারনা লাভ করে।

❖ অফিস ব্যবস্থাপনা এবং হিসাব নিরীক্ষা বিষয়ে বাস্তবিক দক্ষতা লাভ করে।

❖ পেশাগত দক্ষতা লাভ করে।

❖ কম্পিউটার ব্যবহারে অভ্যস্ত হয়।

❖ গণমুখী এবং জনকল্যাণ আকাঙ্খী হতে উদ্বুদ্ধ করে।

❖ জাতীয় সম্পদের অপচয়রোধ ও সুষ্ঠ ব্যবহারে সচেতন হয়।

জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) কর্তৃক বাস্তবায়িত ২০২০-২০২১ অর্থবছরে বি ও সি (১০তম - ২০তম গ্রেড) ক্যাটাগরি ইন-হাউজ প্রশিক্ষণের উপদেষ্টা ও কোর্স পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন নাটার সম্মানিত মহা পরিচালক ড. মো. আবু সাইদ মিঞা ও ড. মো. আখতারুজ্জামান; র্কোস কো-অর্ডিনেটর হিসেবে দায়িত্ব পালন করেন মোঃ সাইফুল ইসলাম, সিনিয়র সহকারী পরিচালক, নাটা, গাজীপুর এবং সহকারী র্কোস কো-অর্ডিনেটর হিসেবে দায়িত্ব পালন করেন মোঃ আকলিমুজ্জামান, সিনিয়র সহকারী পরিচালক, নাটা, গাজীপুর।



বি ও সি (১০ম -২০তম গ্রেড) ক্যাটাগরির ইন-হাউজ প্রশিক্ষণ

# ২০২০-২১ অর্থবছরে প্রকাশিত নাটা এর প্রকাশনা সমূহের তালিকা

## ১) ট্রেইনিং ম্যানুয়াল:

| ক্রঃ নং | প্রকাশনার বিবরন | সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | Food Processing and Preservation Techniques | ২০০ | |
| ২ | Rules and Regulations for Organisational Management | ২০০ | |

## ২) নাটা বুলেটিন:

| ক্রঃ নং | প্রকাশনার বিবরন | সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | জুলাই - ডিসেম্বর, ২০২০ সময়ের নাটা বুলেটিন - ২১ পৃষ্ঠা | ২০০ | |
| ২ | জানুয়ারি - জুন, ২০২১ সময়ের নাটা বুলেটিন-২৪ পৃষ্ঠা | ২০০ | |

## ৩) কোর্স গাইডলাইন:

| ক্রঃ নং | প্রকাশনার বিবরন | সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | Food Processing and Preservation Techniques | - | নাটার ওয়েবসাইটে প্রদত্ত |
| ২ | Advanced ICT Management | - | ঐ |
| ৩ | Project Appraisal and Formulation of Development Project Proforma (DPP) | - | ঐ |
| ৪ | Food Security | - | ঐ |
| ৫ | Modern Office Management | - | ঐ |
| ৬ | Public Financial Management | - | ঐ |
| ৭ | Value Chain Management of Economically Important Horticultural Crops in Bangladesh | - | ঐ |
| ৮ | Climate Smart Agriculture | - | ঐ |
| ৯ | Commercial Farm Management | - | ঐ |
| ১০ | Public Procurement Management | - | ঐ |
| ১১ | Human Resource Management | - | ঐ |
| ১২ | Soil Health Management | - | ঐ |
| ১৩ | Rules & Regulations for Organizational Management | - | ঐ |
| ১৪ | Disaster Management | - | ঐ |

৪) কোর্স কমপ্লিশন রিপোর্ট:

| ক্রঃ নং | প্রকাশনার বিবরন | সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | Food Processing and Preservation Techniques | - | নাটার ওয়েবসাইটে প্রদত্ত |
| ২ | Advanced ICT Management | - | ঐ |
| ৩ | Food Security | - | ঐ |
| ৪ | Modern Office Management | - | ঐ |
| ৫ | Public Financial Management | - | ঐ |
| ৬ | Climate Smart Agriculture | - | ঐ |
| ৭ | Commercial Farm Management | - | ঐ |
| ৮ | Human Resource Management | - | ঐ |
| ৯ | Soil Health Management | | ঐ |
| ১০ | Rules & Regulations for Organizational Management | - | ঐ |
| ১১ | Disaster Management | - | ঐ |

৫) অন্যান্য বিশেষ প্রকাশনা:

| ক্রঃ নং | প্রকাশনার বিবরন | সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | মন ও মননে বঙ্গবন্ধু | ১০০০ | |

# জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি শক্তিশালীকরণ প্রকল্প

**প্রকল্পের সংক্ষিপ্ত পরিচিতি:**

| | |
|---|---|
| প্রকল্পের নাম | : "জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি শক্তিশালীকরণ" প্রকল্প |
| উদ্যোগী মন্ত্রণালয় | : কৃষি মন্ত্রণালয় |
| প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা | : জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুর |
| প্রকল্পের অনুমোদিত প্রাক্কলিত ব্যয় (স্থানীয় মুদ্রায়) | : ৫২৮৮.৪৪ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি) (আরএডিপিপি)<br>এল.জি.ই.ডি.-৩৯৮৮.৮২ লক্ষ টাকা (৭৫.০০%)<br>নাটা- ১২২০.৬২ লক্ষ টাকা (২৫.০০%) |
| প্রকল্প বাস্তবায়নকাল | : অক্টোবর ২০১৫- জুন ২০২০ খ্রি. |
| একনেক কর্তৃক প্রকল্প অনুমোদন | : ৫ জানুয়ারি ২০১৬ খ্রি. |
| পরিকল্পনা বিভাগ কর্তৃক অনুমোদন | : ১১ ফেব্রুয়ারি ২০১৬ খ্রি. |
| কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রশাসনিক অনুমোদন | : ১৮ ফেব্রুয়ারি ২০১৬ খ্রি. |
| প্রকল্প বাস্তবায়ন এলাকা | : জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুর |

**প্রকল্পের মূল উদ্দেশ্য:**

- জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমির প্রশিক্ষণ সুবিধাদি বৃদ্ধি করা এবং প্রশিক্ষণ সুবিধাদির আধুনিকায়ন।
- মানসম্পন্ন প্রশিক্ষণ প্রদানের উপযোগী করার জন্য একাডেমির ভৌত অবকাঠামো উন্নয়ন।
- জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমির অনুষদ সদস্যদের পেশাগত দক্ষতা বৃদ্ধি।

**প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম:**

- একাডেমির অবকাঠামো উন্নয়নের জন্য ৩ তলা আধুনিক ট্রেনিং কমপ্লেক্স, ৬ তলা ডরমিটরি, ২ তলা ভিজি বাংলো, ৪ তলা মেডিকেল সেন্টার, গেস্ট হাউজ, অফিসার্স ডরমিটরি ও ডে-কেয়ার সেন্টারসহ অন্যান্য অবকাঠামো নির্মাণ।
- বিদ্যমান ডরমিটরি, অফিস ভবন, আবাসিক ভবন ও লেবার শেড মেরামত এবং অডিটোরিয়াম আধুনিকায়ন ও ক্যাফেটেরিয়া সম্প্রসারণ।
- মানসম্পন্ন আধুনিক প্রশিক্ষণ সুবিধাদি বৃদ্ধি করার জন্য প্রশিক্ষণ সামগ্রী, অফিস সরঞ্জাম, ইলেকট্রিক সামগ্রী, আসবাবপত্র এবং কৃষি যন্ত্রপাতি ক্রয়।
- নেটওয়ার্কিং এবং বই/সাময়িকী/জার্নাল ক্রয়।
- ১টি জীপ, ২টি ডাবল কেবিন পিকআপ, ১টি মাইক্রোবাস, ১টি বাস এবং ১টি মটর সাইকেল ক্রয়।
- বিভিন্ন ধরনের প্রশিক্ষণ ও ওয়ার্কশপ আয়োজন।

**২০২০-২১ অর্থবছরে প্রধান প্রধান কার্যক্রম:**

২০২০-২১ অর্থবছরের আরএডিপিতে প্রকল্পের রাজস্বখাতে ১৬২.০০ লক্ষ টাকা এবং মূলধন খাতে ৬১৫.০০লক্ষ টাকাসহ সর্বমোট বরাদ্দ ৭৭৭.০০লক্ষ টাকা। ৩০জুন/২০২১ খ্রি. তারিখে প্রকল্পটি সমাপ্ত হয়েছে । সমাপ্ত অর্থবছরে জুন/২০২১ পর্যন্ত ব্যয় হয়েছে ৭২১.৬৯ লক্ষ টাকা এবং নির্মাণ ও মেরামত কাজের ভৌত অগ্রগতি ১০০%। প্রকল্পের মেয়াদকালের

(অক্টোবর/২০১৫-জুন/২০২১) ক্রমপুঞ্জিত ব্যয় ৪৯৭৩.৭২লক্ষ টাকা। ২০২০-২১অর্থবছরে যে কাজগুলি সমাপ্ত হয়েছে সেগুলি হলো- আবাসিক ভবন মেরামত, লেবার শেড, বাউন্ডারি ওয়াল (অফিস), বাউন্ডারি ওয়াল (আবাসিক) মেরামত, ভিজি বাংলো, আর.সি.সি (লিংকে রোড টু বিল্ডিং), (ফার্ম রোড টু বাউন্ডারি ওয়াল), ডরমিটরি (৫ম ও ৬ষ্ঠ তলা), মেডিকেল সেন্টার কাম ডে কেয়ার সেন্টার, কাম গেস্ট হাউজ কাম অফিসার্স ডরমিটরি (৩য় ও ৪র্থ তলা), আর.সি.সি রোড (অফিস ইন্টারনাল রোড ড্রেনসহ), আর.সি.সি সারফেস ড্রেন (৪ ফুট স্লাব সহ) নির্মাণ এবং অডিটরিয়াম আপগ্রেডেশন, ক্যাফেটেরিয়া এক্সটেনশন ও এক্সটারনাল ইলেকট্রিফিকেশন।



জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি শক্তিশালীকরণ প্রকল্পের আওতায় আর.সি.সি (লিংকে রোড টু বিল্ডিং) নির্মাণ



জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি শক্তিশালীকরণ প্রকল্পের আওতায় ডরমিটরি নির্মাণ



জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি শক্তিশালীকরণ প্রকল্পের আওতায় মেডিকেল সেন্টার কাম ডে কেয়ার সেন্টার কাম গেস্ট হাউজ কাম অফিসার্স ডরমিটরি (৩য় ও ৪র্থ তলা) নির্মাণ



জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি শক্তিশালীকরণ প্রকল্পের আওতায় করিডোর নির্মাণ

# ১৫ আগস্ট, জাতীয় শোক দিবস ২০২০

শোকাবহ ১৫ আগস্ট জাতীয় শোক দিবস। ১৯৭৫ সালের এই দিনে ঘাতকেরা সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে সপরিবারে নির্মমভাবে হত্যা করে। জাতির পিতার সহধর্মিনী বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব, পুত্র শেখ কামাল, লেফটেন্যান্ট শেখ জামাল, দশ বছরের শিশু পুত্র শেখ রাসেল, পুত্রবধু সুলতানা কামাল ও রোজী জামাল, বঙ্গবন্ধুর সহোদর শেখ নাসের, কৃষকনেতা আব্দুর রব সেরনিয়াবাত, যুবনেতা শেখ ফজলুল হক মনি ও তার অন্তঃসত্ত্বা স্ত্রী আরজু মনি, বেবী সেরনিয়াবাত, সুকান্ত বাবু, আরিফ, আব্দুল নঈম খান রিন্টুসহ পরিবারের ১৮ জন সদস্যকে ঘৃণ্য ঘাতকরা এ দিনে হত্যা করে।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সামরিক সচিব ব্রিগেডিয়ার জেনারেল জামিলও শহিদ হন। ঘাতকদের কামানের গোলার আঘাতে মোহাম্মদপুরে একটি পরিবারের বেশ কয়েকজনও হতাহত হন।

জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) তে যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২০ পালিত হয়। ১৫ আগষ্ট ২০২০ খ্রি. সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা অর্ধনমিত করা হয়। নাটার গেইটে জাতীয় শোক দিবস ২০২০ এর ব্যানার প্রদর্শন করা হয়। ১৫ আগষ্ট সকাল ১১.০০ ঘটিকায় Zoom Platform এর মাধ্যমে জাতীয় শোক দিবস উপলক্ষে মূখ্য আলোচক হিসেবে ড. মোঃ শাহ কামাল খান, উপপরিচালক (এগ্রোনমি) এবং মোঃ শরিফ ইকবাল, সিনিয়র সহকারী পরিচালক (ফুল ও ফল) আলোচনা করেন। জাতীয় শোক দিবস ২০২০ উপলক্ষে নাটার ডিজিটাল ডিসপ্লে বোর্ডে মাসব্যাপী বঙ্গবন্ধুর জীবন ও কর্মের উপর ডকুমেন্টারি প্রদর্শন করা হয়। বঙ্গবন্ধু ও তাঁর পরিবার পরিজনের রুহের মাগফেরাত কামনায় ১৫ আগষ্ট ২০২০-এ নাটার মসজিদে বাদ যোহর বিশেষ মোনাজাতের আয়োজন করা হয়।



১৫ আগস্ট, জাতীয় শোক দিবস উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় Zoom Platform এ অংশগ্রহণকারীদের একাংশ

# ৮ সেপ্টেম্বর, আন্তর্জাতিক সাক্ষরতা দিবস

নাটাতে ৮ সেপ্টেম্বর ২০২০ আন্তর্জাতিক সাক্ষরতা দিবসে বঙ্গবন্ধুর শিক্ষা ভাবনা বিষয়ক আলোচনা অনুষ্ঠান আয়োজন করা হয়। অনুষ্ঠানে মূল বিষয়বস্তু ছিল "আন্তর্জাতিক সাক্ষরতা দিবস ও বঙ্গবন্ধুর শিক্ষা-ভাবনা"। অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন মোঃ আনোয়ারুল ইসলাম জুয়েল, সিনিয়র সহকারী পরিচালক, নাটা, গাজীপুর। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন নাটার মহাপরিচালক ড. মোঃ আবু সাইদ মিঞা এবং সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন ড. মো. আখতারুজ্জামান, পরিচালক (প্রশাসন), নাটা, গাজীপুর।

অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপক মোঃ আনোয়ারুল ইসলাম জুয়েল, বলেন ১৯৬৬ সাল থেকে ইউনেস্কো ৮ সেপ্টেম্বর আন্তর্জাতিক সাক্ষরতা দিবস হিসেবে পালন করে আসছে। দিবসটি পালনের মাধ্যমে সারা বিশ্বের মানুষকে তারা বলতে চেয়েছে, সাক্ষরতা একটি মানবাধিকার এবং সর্বস্তরের শিক্ষার ভিত্তি। দেশে দেশে সাক্ষরতার সংজ্ঞা অনেক আগে থেকে প্রচলিত থাকলেও ১৯৬৭ সালে ইউনেস্কো প্রথম সাক্ষরতার সংজ্ঞা চিহ্নিত করে এবং পরবর্তী সময়ে প্রতি দশকেই এই সংজ্ঞার রূপ পাল্টেছে। এক সময় কেউ নাম লিখতে পারলেই তাকে সাক্ষর বলা হতো বর্তমানে সাক্ষর হিসেবে চিহ্নিত করার জন্য অন্তত তিনটি শর্ত মানতে হয়-

১. ব্যক্তি নিজ ভাষায় সহজ ও ছোট বাক্য পড়তে পারবে
২. সহজ ও ছোট বাক্য লিখতে পারবে
৩. দৈনন্দিন জীবনে সাধারণ হিসাব নিকাশ করতে পারবে।

এই প্রত্যেকটি কাজই হবে ব্যক্তির প্রাত্যহিক জীবনের সাথে সম্পর্কিত। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ছিলেন একজন আপাদমস্তক রাজনীতিবিদ যাঁর আজীবন লালিত স্বপ্ন ছিল একটি শোষণ ও বৈষম্যহীন রাষ্ট্র ও সমাজ ব্যবস্থা গড়ে তোলা। রাজনীতির বাইরেও বঙ্গবন্ধু শিক্ষা ও শিক্ষা সম্পর্কিত বিষয়ে অত্যন্ত আন্তরিক ছিলেন। ১৯৪৭ সাল থেকে ১৯৭৫ সাল পর্যন্ত বঙ্গবন্ধু প্রদত্ত বিভিন্ন ভাষণ, আওয়ামী লীগের ঘোষিত কর্মসূচি, ১৯৭০ এর নির্বাচনী ইশতেহার, বাহাত্তরের সংবিধানে ঘোষিত শিক্ষা সম্পর্কিত ধারা এবং কুদরাত-ই-খুদা শিক্ষা কমিশনের প্রতিবেদন থেকে বঙ্গবন্ধুর শিক্ষার প্রতি আগ্রহ ও মমত্ববোধের সুস্পষ্ট প্রতিফলন ফুটে উঠে। বঙ্গবন্ধুর শিক্ষা ভাবনার বাস্তব প্রতিফলন দেখা যায় ১৯৭২-১৯৭৫ সাল পর্যন্ত তাঁর নেতৃত্বাধীন সরকারের গৃহীত বিভিন্ন পদক্ষেপ সমূহের মাধ্যমে। ১৯৪৭ থেকে ১৯৭১ এই সময়ে পশ্চিম পাকিস্তানের পক্ষপাতিত্বমূলক আচরণ এবং বাংলার মানুষকে দাবিয়ে রাখার লক্ষ্যে শিক্ষার আলো থেকে দূরে রাখাই ছিল তাদের মূল লক্ষ্য। শিক্ষাব্যবস্থায় নেমে এসেছিল দুর্দশা, প্রাথমিক থেকে উচ্চ শিক্ষা সব ক্ষেত্রেই বৈষম্যের শিকার হয়েছিল এ বাংলার মানুষ, প্রাথমিক বিদ্যালয় ২৯ হাজার থেকে বাড়ার পরিবর্তে কমে হয়েছিল ২৮ হাজার। এছাড়া শিক্ষাখাতে বাজেট, শিক্ষক নিয়োগ সব কিছুতেই পূর্ব-পশ্চিম বৈষম্য। ১৯৪৭ থেকে ১৯৭১ সাল পর্যন্ত পাকিস্তানের শাসকগোষ্ঠী ৬টি শিক্ষা কমিশনের প্রতিবেদন পেশ করে। ১৯৫২ সালে মাওলানা আকরাম খাঁ শিক্ষা কমিশন, ১৯৫৭ সালে আতাউর রহমান খান শিক্ষা কমিশন, ১৯৫৯ সালে এস এম শরীফ শিক্ষা কমিশন, ১৯৬৪ সালে বিচারপতি হামাদুর রহমান শিক্ষা কমিশন, ১৯৬৯ সালে এম নূর খান শিক্ষা কমিশন, ১৯৭০ সালে শামসুল হক শিক্ষা কমিশন ১৯৫৪ সালে যুক্তফ্রন্টের ২১ দফা কর্মসূচিতেও তাঁর সমর্থন ছিল। একুশ দফার ৯ নম্বর দফায় বলা হয়, "দেশের সর্বত্র একযোগে প্রাথমিক ও অবৈতনিক বাধ্যতামূলক শিক্ষা প্রবর্তন এবং শিক্ষকদের ন্যায়সঙ্গত বেতন-ভাতার ব্যবস্থা করা হবে"। জনাব মোঃ আনোয়ারুল ইসলাম জুয়েল বঙ্গবন্ধুর শিক্ষা-ভাবনা নিয়ে বিস্তারিত আলোচনা করেন। তিনি বলেন বঙ্গবন্ধু স্বাধীনতার পর দেশ পরিচালনার জন্য যে সংবিধান প্রণয়ন করেন তাতে তিনি শিক্ষাকে গুরুত্ব দিয়েছিলেন। সংবিধানের ১৭ নং অনুচ্ছেদে শিক্ষার বিষয়টি উল্লেখ আছে। তাতে রয়েছে-

(ক) একই পদ্ধতির গণমুখী ও সার্বজনীন শিক্ষাব্যবস্থা প্রতিষ্ঠার জন্য এবং আইনের দ্বারা নির্ধারিত স্তর পর্যন্ত সকল বালক-বালিকার জন্য রাষ্ট্র কার্যকর ব্যবস্থা গ্রহণ করিবেন।

(খ) সমাজের প্রয়োজনের সাথে শিক্ষাকে সঙ্গতিপূর্ণ করার জন্য এবং সেই প্রয়োজন সিদ্ধ করার উদ্দেশ্যে যথাযথ প্রশিক্ষণপ্রাপ্ত ও সদিচ্ছাপ্রণোদিত নাগরিক সৃষ্টির জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করিবেন।

(গ) আইনের দ্বারা নির্ধারিত সময়ের মধ্যে নিরক্ষরতা দূর করার জন্য রাষ্ট্র প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিবেন।

যুদ্ধবিধ্বস্ত বাংলাদেশ আর ধ্বংসপ্রাপ্ত অর্থনীতি হওয়া সত্ত্বেও স্বাধীনতার পরপর শিক্ষাক্ষেত্রে বঙ্গবন্ধু সরকার অনেক যুগান্তকারী পদক্ষেপ গ্রহণ করেছিল। এর মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে:

* ৪০ হাজার প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণ ও কয়েক লাখ শিক্ষককে সরকারী কর্মচারীর মর্যাদা দান।
* ১১ হাজার নতুন প্রাথমিক বিদ্যালয় ও বহু স্কুল-কলেজ প্রতিষ্ঠা।
* ৫ম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের বিনামূল্যে বই ও গরিব মেধাবী শিক্ষার্থীদের বিনামূল্যে পোষাক প্রদানের ব্যবস্থা করেছিলেন।
* বিশ্ববিদ্যালয় সমূহের ওপর সরকারী নিয়ন্ত্রণের লক্ষ্যে ১৯৬২ সালে আইয়ুব সরকার প্রণীত অধ্যাদেশ (যা "কালো আইন নামে অভিহিত) বাতিল করে ১৯৭৩ সালের গণতান্ত্রিক আদেশ জারি; এবং
* সংবিধানের ১৭ নং অনুচ্ছেদে বর্ণিত নীতির আলোকে শিক্ষা ব্যবস্থাকে বিজ্ঞানভিত্তিক, গণমুখী ও যুগোপযোগী করে ঢেলে সাজানোর লক্ষ্যে ১৯৭২ সালে ড. খুদরত-এ-খুদা শিক্ষা কমিশন গঠন।

বঙ্গবন্ধুর উচ্চশিক্ষার অবদানকে তিনটি ক্ষেত্রে বিভক্ত করা যায়। যেমন-

* বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন গঠন (UGC)
* বিশ্ববিদ্যালয়কে স্বায়ত্তশাসন প্রদান (ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়)
* একটি কার্যকরী শিক্ষা কমিশন গঠন

বঙ্গবন্ধুর শাসন আমলে আরও দুটি শিক্ষাবিষয়ক আইন প্রণীত হয়। তা হলো-

* মাদ্রাসা এডুকেশন অর্ডিন্যান্স ১৯৭২
* প্রাইমারী এডুকেশন অ্যাক্ট ১৯৭৪

পরবর্তীতে জনাব লুপু রহমান, লাইব্রেরিয়ান, নাটা, আন্তর্জাতিক সাক্ষরতা দিবস ও বঙ্গবন্ধুর শিক্ষা-ভাবনা নিয়ে আরও বিস্তারিত আলোচনা করেন। তিনি বলেন ৯০ শতাংশ মুসলিম বসবাস করে আমাদের দেশে। এছাড়া হিন্দু, বৌদ্ধ, খ্রিস্টান ধর্মাবলম্বী ছাত্র-ছাত্রীরা স্কুল-কলেজে যার যার ধর্ম শিক্ষা গ্রহণ করতে পারে; যা তাদের পাঠ্যপুস্তকের অন্তর্ভুক্ত। বঙ্গবন্ধু দেশকে ধর্মের ভিত্তিতে ভাগ করে দেননি, তিনি মানবধর্মে বিশ্বাসী ছিলেন বলেই শিক্ষা ক্ষেত্রে সকল ধর্মের সবার জন্য সমান সুযোগ করে দিয়ে গেছেন। সেই শিক্ষায় দীক্ষিত হয়ে আজ সব ধর্মের মানুষ সহাবস্থানে বসবাস করছি। বাঙালি জাতির অসাম্প্রদায়িক মনোভাব এমনি সৃষ্টি হয়নি, আমাদের শিক্ষা ব্যবস্থা এ ক্ষেত্রে সাহায্য করেছে।
কারিগরি শিক্ষায় বঙ্গবন্ধু যে মমত্ববোধ ও আন্তরিকতার পরিচয় দিয়েছিলেন তা ১৯৭৩ সালের ১৩ ফেব্রুয়ারি বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে তাঁর প্রদত্ত ভাষণটি একটি ঐতিহাসিক দলিল হিসেবে আজও সাক্ষ্য দেয়। সদ্য স্বাধীন দেশে প্রতিরক্ষা ব্যবস্থা খুবই গুরুত্বপূর্ণ বিষয় হলোও তিনি এদেশের প্রথম বাজেটে প্রতিরক্ষা খাত থেকেও বেশি গুরুত্ব দিয়েছিলেন শিক্ষাখাতে। শিক্ষা খাতে ৭% বরাদ্দ তিন কোটি ৭২ লাখ টাকা বেশি বরাদ্দ দেওয়া হয়েছিল। তিনি জানতেন প্রতিরক্ষা খাত দিয়ে নিরক্ষরমুক্ত দেশ গড়া যাবে না, শুধু শিক্ষা দিয়েই দেশকে নিরক্ষরমুক্ত করে জাতিকে এগিয়ে নেওয়া সম্ভব। কারণ তিনি কেবল রাজনীতিবিদ, রাষ্ট্রনায়কই ছিলেন না, তিনি ছিলেন একজন শিক্ষা দার্শনিকও। শতাব্দীর মহানায়ক জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আধুনিক বাংলাদেশ তথা তাঁর স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে শিক্ষার একটি দর্শন প্রবর্তন করেছিলেন, যা বর্তমান সময়েও অমূল্য বলে বিবেচিত।
এরপর প্রধান অতিথি ড. মোঃ আবু সাইদ মিঞা, মহাপরিচালক, নাটা, গাজীপুর আন্তর্জাতিক স্বাক্ষরতা দিবসের গুরুত্ব নিয়ে আলোচনা করেন।
অনুষ্ঠানে শেষে সভাপতি ড. মো. আখতারুজ্জামান, পরিচালক (প্রশাসন), নাটা সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

# নাটা এর একাডেমিক কার্যক্রম শীর্ষক ভার্চুয়াল সভা

বিগত ২০২০ সালের ২৮ সেপ্টেম্বর জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) (NATA: National Agriculture Training Academy) একাডেমিক কার্যক্রম বিষয়ে কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর সংস্থার প্রতিনিধিদের সাথে এক ভার্চুয়াল সভার আয়োজন করে। নাটার তৎকালীন ভারপ্রাপ্ত মহাপরিচালক ড. মোঃ আবু সাইদ মিঞার সভাপতিত্বে অনুষ্ঠিত ঐ অনলাইন সভায় মূল প্রবন্ধ উপস্থাপনসহ সভাটি সঞ্চালন করেন নাটার পরিচালক (প্রশাসন) ড. মো. আখতারুজ্জামান। মূল প্রবন্ধে ড. মো. আখতারুজ্জামান নাটার চলমান প্রশিক্ষণ কার্যক্রমসহ নাটার সাম্প্রতিক ভৌত অবকাঠামোগত ও কারিগরী উন্নয়ন সম্পর্কে বিস্তারিত আলোকপাত করেন। ড. মো. আখতারুজ্জামান নাটার সাম্প্রতিক উন্নয়ন চালচিত্র উল্লেখ করে বলেন, "জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি শক্তিশালীকরণ প্রকল্পের" আওতায় নাটার বেশ কিছু ইতিবাচক ও নান্দনিক উন্নয়ন ও পরিবর্তন লক্ষ্যণীয়। এই প্রকল্পের আওতায় ছোটবড় মিলিয়ে যে সব ইতিবাচক এবং নান্দনিক পরিবর্তন এসেছে এর মধ্যে উল্লেখযোগ্য হলোঃ

(১) তিনতলা বিশিষ্ট একটা অত্যাধুনিক ট্রেইনিং কমপ্লেক্স নির্মাণ। সেখানে একাধিক ইন্টারএ্যাক্টিভ ইন্টেলেকচুয়াল স্মার্টবোর্ডসহ চমৎকার ট্রেইনিং কক্ষ ও ভিআইপি কনফারেন্স কক্ষ রয়েছে।

(২) প্রশিক্ষণার্থীদের আবাসন সংকট সমাধান কল্পে ছয়তলা বিশিষ্ট অত্যাধুনিক ডরমিটরি নির্মাণ।

(৩) নতুন করে বিদ্যুতের সাবস্টেশন নির্মাণ করা হয়েছে।

(৪) ২২০ আসন বিশিষ্ট অডিটোরিয়ামে এ্যাকষ্টিক সাউন্ড সিস্টেম ও আলোকসম্পাতের সর্বাধুনিক ব্যবস্থা নিশ্চিত করা হয়েছে।

(৫) নির্মিত হয়েছে মহাপরিচালকের দ্বিতল সরকারি বাংলো;

(৬) পুরাতন ক্যাফেটেরিয়ার আসন ক্যাপাসিটি বাড়ানো সহ আরেকটি ভিআইপি ক্যাফেটেরিয়া নির্মাণ করা হয়েছে।

(৭) হেলথ সেন্টার, ডে-কেয়ার সেন্টার, ভিআইপি গেস্ট হাউজ, অফিসার্স ডরমিটরি নতুনভাবে নির্মিত হয়েছে এবং হচ্ছে।

অধিকন্তু দৃষ্টিনন্দন প্রধান ফটক নির্মাণ, পুরাতন ভবন মেরামত, অভ্যন্তরীণ রাস্তাঘাট ও পাকা ড্রেন সংস্কার, নাটার চারপাশে ওয়াকওয়ে নির্মাণ সহ শতাধিক কাজ চলমান রয়েছে। আগামী জুন/২০২১ মাসের আগেই সমুদয় কাজ সফলতার সাথে সম্পন্ন হওয়ার আশাবাদের কথা প্রকল্প পরিচালক মাহমুদুল হাসানের উদ্ধৃতি দিয়ে জানানো হয়। ড. মো. আখতারুজ্জামান বিস্ময় প্রকাশ করে বলেন, মাত্র ৫২ কোটি টাকার প্রকল্পে নাটার যে সার্বিক উন্নয়ন হয়েছে সেটা নজিরবিহীন! প্রকল্প পরিচালক শতভাগ সততা, নিষ্ঠা ও স্বচ্ছতার সাথে কাজ করবার জন্যে প্রকল্প পরিচালককে নাটার পক্ষ হতে ধন্যবাদ জানানো হয়।

এতদ্ব্যতীত, ড. মো. আখতারুজ্জামান নাটাকে আন্তর্জাতিক মানের আদর্শ ও শীর্ষ কৃষি প্রশিক্ষণ একাডেমি হিসেবে প্রতিষ্ঠার জন্য নাটার ভবিষ্যত কর্মপরিকল্পনা সম্পর্কে দৃঢ়তার সাথে জানান যে,

(০১) নাটা চত্বরে স্থাপন করা হবে বঙ্গবন্ধুর ম্যুরাল

(০২) নাটার একটা নির্দিষ্ট কক্ষে নির্মাণ করা হবে, "হৃদয়ে কৃষিবান্ধব বঙ্গবন্ধু" নামক আর্কাইভ

(০৩) নাটার সবুজ চত্বরে স্থাপিত হবে ভাষা শহিদদের সম্মানে শহিদ মিনার

(০৪) ২৬ একর আয়তনবেষ্টিত নাটার খামারে স্থাপন করা হবে, "বঙ্গবন্ধু এগ্রোটেকনোলজিক্যাল পার্ক"

(০৫) নাটা থেকে কৃষির বিভিন্ন বিষয়ভিত্তিক সার্টিফেকেট ও ডিপ্লোমা কোর্স চালু করার বিষয়টি বিবেচনায় রয়েছে

(০৬) সমগ্র নাটা চত্বরকে কৃষির আপডেট প্রযুক্তি তথ্য সম্বলিত লাইটিং সাইনবোর্ডের প্রবর্তন করা হবে

(০৭) নাটাতে ডিজিটাল ডিসপ্লে বোর্ড, ডিজিটাল কিয়স্ক, ডিজিটাল নোটিশবোর্ড স্থাপনের পরিকল্পনা নেয়া হয়েছে

(০৮) নাটার প্রধান ফটক ও মুল ভবনের ফটকে লাগানো হবে লাইটিং ও এলইডি সাইনবোর্ড

(০৯) নাটার প্রশিক্ষণ ক্লাসকে অনলাইন বেজড্ করবার বিষয়টিও সক্রিয়ভাবে বিবেচনা করা হচ্ছে

(১০) ডিজিটাল প্রযুক্তি সম্প্রসারণে নাটার ডেডিকেটেড ইন্টারনেট ব্যবস্থাকে শক্তিশালীকরণ সহ ব্যান্ডউইথের যৌক্তিক ব্যবহার নিশ্চিত করা হবে

(১১) নাটাতে আইপি ফোনের ইন্টারকম বসানোর বিষয়টি ভাবা হচ্ছে
(১২) নাটার লাইব্রেরিকে অটোমেশানের আওতায় আনা হবে
(১৩) ডিজিটাল পেস্ট মিউজিয়াম তৈরি করা হবে
(১৪) নাটার ল্যান্ডস্কেপিংকে আধুনিক করা হবে
(১৫) সর্বোপরি নাটার সবুজ চত্বরকে সম্পূর্ণ পরিচ্ছন্ন প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার ব্যাপারে দৃঢ় আশাবাদ ব্যক্ত করেন ড. মো. আখতারুজ্জামান।



নাটার একাডেমিক কার্যক্রম শীর্ষক ভার্চুয়াল সভায় অংশগ্রহণকারীদের একাংশ

ড. মো. আখতারুজ্জামানের বক্তব্যের পর বিভিন্ন সংস্থার প্রতিনিধিগন নাটার বর্তমান কার্যক্রম এবং ভবিষ্যত পরিকল্পনা সম্পর্কে সহমত পোষণ করে নাটাকে সাধুবাদ জানানোর পাশাপাশি কিছু পরামর্শ প্রদান করেন। সব মিলিয়ে ভার্চুয়াল প্লাটফরমে চমৎকার একটা বিভাগীয় সভা কোন প্রকার কারিগরী ত্রুটি ছাড়াই সম্পন্ন করা হয়।

# এটিআই কর্মকর্তাদের দক্ষতা উন্নয়ন প্রকল্পের আওতায় নাটায় প্রশিক্ষণ

একুশ শতকের চ্যালেঞ্জ ও পরিবর্তিত পরিস্থিতি মোকাবেলা, জনবান্ধব, দক্ষ, আধুনিক ও বিজ্ঞানমনস্ক কর্মকর্তা বিনির্মাণে কৃষি মন্ত্রণালয়ভুক্ত বিভিন্ন প্রতিষ্ঠানের নবম গ্রেড ও তদূর্ধ্ব কর্মকর্তাদের জন্য সময়োপযোগী বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন করে আসছে জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি। এরই ধারাবাহিকতায় কৃষি প্রশিক্ষণ ইন্সটিটিউটের ২৫ জন ক্যাডার কর্মকর্তাদের নিয়ে আয়োজন করা হয় ৩ দিন ব্যাপি "Capacity Development of ATI Officers" শীর্ষক প্রশিক্ষণ কোর্স। কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট সমূহের কার্যক্রম শক্তিশালীকরণ প্রকল্পের আওতায় তিনদিন ব্যাপী প্রশিক্ষণে মোট আট ব্যাচে ২০০ (দুইশত) জন কর্মকর্তা প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। প্রশিক্ষণটি কর্মক্ষেত্রে অফিস ব্যবস্থাপনায় নতুন নজির সৃষ্টি করবে। কোর্সটিতে বিভিন্ন বিষয়ের মধ্যে Social Madia, Leave Rules, Teaching Methods, SDGs, Acts and Rules ইত্যাদি ছিল উল্লেখযোগ্য। জনাব মোঃ হাসানুজ্জামান কল্লোল, অতিরিক্ত সচিব, কৃষি মন্ত্রণালয়; জনাব ড. মো. আবদুল মুঈদ, মহাপরিচালক, ডিএই; জনাব ড. মোঃ আবু সাইদ মিঞা, মহাপরিচালক, নাটা; জনাব ড. মো. আখতারুজ্জামান, পরিচালক (প্রশাসন), নাটা; জনাব মোঃ মাহমুদ হাসান, উপপরিচালক, নাটা; জনাব মোঃ জামাল উদ্দীন, উপপরিচালক, নাটা; ড. মোঃ এখলাছ উদ্দিন, উপপরিচালক, নাটা; জনাব ড. মোঃ ছাইদুর রহমান, উপপরিচালক, নাটা; জনাব ড. মোঃ জামাল উদ্দীন, উপপরিচালক, নাটা রিসোর্স স্পিকার হিসেবে উপস্থিত থেকে কোর্সকে সমৃদ্ধ করেছেন। কোর্স অ্যাডভাইজার ড. মো. আবু সাইদ মিঞা, মহাপরিচালক, নাটা মহোদয়ের আন্তরিক সহযোগিতা, কোর্স সমন্বয়কারী মোঃ মাহমুদ হাসান, উপ-পরিচালক (হর্টিকালচার), সহকারী কোর্স সমন্বয়কারী মো: শরীফ ইকবাল, সিনিয়র সহকারী পরিচালক (ফুল ও ফল), নাটা, গাজীপুর এর কঠোর পরিশ্রমে প্রশিক্ষণটি সফলভাবে সম্পন্ন হয়েছে। প্রশিক্ষণটিতে বিভিন্ন প্রশিক্ষণ পদ্ধতি ও উপকরণ ব্যবহৃত হয়েছিল যার মধ্যে বক্তৃতা, আলোচনা, অনুশীলন, গ্রুপ ওয়ার্ক, কেস স্টাডি ব্রিফিং উল্লেখযোগ্য।

"এটিআই কর্মকর্তাদের দক্ষতা উন্নয়ন" প্রকল্পের আওতায় কৃষি প্রশিক্ষণ ইন্সটিটিউটসমূহের দুই ব্যাচে ২৫ জন করে মোট ৫০ জন ক্যাডার কর্মকর্তাদের নিয়ে আয়োজন করা হয় ৩ দিন ব্যাপি (২৩-২৫ জানুয়ারি ২০২১ ও ২৬-২৮ জানুয়ারি ২০২১) Digital Office Management for the Capacity Development of ATI Officers শীর্ষক আরেকটি প্রশিক্ষণ কোর্স।

প্রশিক্ষণটি কর্মক্ষেত্রে অফিস ব্যবস্থাপনায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। সুযোগ্য মহাপরিচালক ড. মো. আখতারুজ্জামান নাটা; মোঃ জামাল উদ্দীন, উপপরিচালক, নাটা; ড. মোঃ ছাইদুর রহমান, উপপরিচালক, নাটা; আবুল কালাম আজাদ, উপপরিচালক, নাটা; মো: শফিকুল ইসলাম, সহযোগী অধ্যাপক, ডুয়েট, গাজীপুর এবং মানিক সরকার, সহকারী প্রোগ্রামার, ডিএই, খামারবাড়ি রিসোর্স স্পিকার হিসেবে উপস্থিত থেকে কোর্সকে সমৃদ্ধ করেছেন। "এটিআই কর্মকর্তাদের দক্ষতা উন্নয়ন" প্রকল্পের আওতায় "Elemental ICT Skill and e-Governance for the Capacity Development of ATI Officers"- শীর্ষক আরও একটি প্রশিক্ষণ কোর্স সম্পন্ন হয়। কৃষি প্রশিক্ষণ ইন্সটিটিউট সমূহের দুই ব্যাচে ২৫ জন করে মোট ৫০ জন ক্যাডার কর্মকর্তাদের নিয়ে আয়োজন করা হয় ৩ দিন ব্যাপি (২৩-২৫ জানুয়ারি ২০২১ ও ২৬-২৮ জানুয়ারি ২০২১) এ প্রশিক্ষণ কোর্স।



এটিআই কর্মকর্তাদের দক্ষতা উন্নয়ন (স্পার্ড) প্রশিক্ষণ-এ অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীগণ

এই প্রশিক্ষণটি কর্মক্ষেত্রে ICT এবং e-Governance-এর ধারনা প্রয়োগ এবং ভবিষ্যৎ করণীয় নির্ধারনের ক্ষেত্রে অংশগ্রহণকারীদের দক্ষতা বাড়াতে সাহায্য করবে। এই প্রশিক্ষণ কর্মসূচিতে রিসোর্স স্পিকার ছিলেন নাটার সুযোগ্য মহাপরিচালক, ড. মো. আখতারুজ্জামান, নাটার উপপরিচালক ড. মোঃ ছাইদুর রহমান, ডুয়েট, গাজীপুর এর সহযোগী অধ্যাপক মোঃ শফিকুল ইসলাম; বিএআরআই এর ফোটোগ্রাফি অফিসার পঙ্কজ সিকদার, নাটার সিনিয়র সহকারী পরিচালক (হর্টিকালচার ক্রপ ডিজিজ) মোঃ সাইফুল ইসলাম, সিনিয়র সহকারী পরিচালক (ফুল ও ফল) মোঃ শরীফ ইকবাল এবং সিনিয়র সহকারী পরিচালক (কৃষি সম্প্রসারণ) মোঃ আনোয়ারুল ইসলাম জুয়েল। কোর্স অ্যাডভাইজার ড. মো. আখতারুজ্জামান, মহাপরিচালক, নাটা মহোদয়ের আন্তরিক সহযোগিতা, কোর্স সমন্বয়ক ড. মোঃ এখলাস উদ্দিন, উপপরিচালক (পরিকল্পনা ও প্রকাশনা), সহকারী কোর্স সমন্বয়ক মোঃ শরীফ ইকবাল, সিনিয়র সহকারী পরিচালক (ফুল ও ফল), নাটা, গাজীপুর এর কঠোর পরিশ্রমে প্রশিক্ষণটি সার্থক হয়েছে। প্রশিক্ষণটিতে বিভিন্ন প্রশিক্ষণ পদ্ধতি ও উপকরণ ব্যবহৃত হয়েছিল যার মধ্যে বক্তৃতা, আলোচনা, অনুশীলন, গ্রুপ ওয়ার্ক, কেস ষ্টাডি, ব্রিফিং উল্লেখযোগ্য। অংশগ্রহণকারীগণ কোর্সটিকে অত্যন্ত কার্যকরী হিসেবে অভিহিত করেন। সময়োপযোগী বিষয়, হালনাগাদ কনটেন্ট ও বিশেষজ্ঞ রিসোর্স স্পিকার নির্বাচন প্রশিক্ষণটিকে অনন্য উপভোগ্য করে তুলেছিল বলে অভিমত কোর্সটিতে অংশগ্রহণকারীদের। অংশগ্রহণকারীগণ মনে করেন আবাসন, ক্যাফেটেরিয়াসহ ওয়াইফাই সুবিধা কোর্সটিকে শিখনবান্ধব করে তুলেছিল। তবে তারা বিষয়বস্তু সম্পর্কে বিস্তার ধারণা লাভের লক্ষ্যে প্রশিক্ষণের সময়কাল বাড়ানোর প্রস্তাব দেন। সামগ্রিক বিবেচনায় কোর্স সমন্বয়ক, সহকারী কোর্স সমন্বয়ক এবং নাটা কর্তৃপক্ষের সহযোগিতায় অংশগ্রহণকারীদের একটি অত্যন্ত ফলপ্রসূ কোর্স উপহার দেওয়া সম্ভব হয়।

| ক্র. নং | কোর্সের নাম | কোর্স সমন্বয়কারীর নাম ও পদবী | ব্যাচ | প্রশিক্ষণের মেয়াদ | সময়কাল | প্রশিক্ষণার্থীর সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| ১ | এটিআই কর্মকর্তাদের দক্ষতা উন্নয়ন | **মোঃ মাহমুদ হাসান** উপপরিচালক (হর্টিকালচার) | ২ টি | ৩ দিন | ৫-৭ সেপ্টম্বর/২০২০ | ৫০ |
| ২ | এটিআই কর্মকর্তাদের দক্ষতা উন্নয়ন | **মোঃ মাহমুদ হাসান** উপপরিচালক (হর্টিকালচার) | ২ টি | ৩ দিন | ৮ -১০ সেপ্টম্বর/২০২০ | ৫০ |
| ৩ | এটিআই কর্মকর্তাদের দক্ষতা উন্নয়ন | **মোঃ মাহমুদ হাসান** উপপরিচালক (হর্টিকালচার) | ২ টি | ৩ দিন | ১২-১৪ সেপ্টম্বর/২০২০ | ৫০ |
| ৪ | এটিআই কর্মকর্তাদের দক্ষতা উন্নয়ন | **মোঃ মাহমুদ হাসান** উপপরিচালক (হর্টিকালচার) | ২ টি | ৩ দিন | ১৫-১৭ সেপ্টম্বর/২০২০ | ৫০ |
| ৫ | "Digital Office Management for the Capacity Development of ATI Officers" | **ড. মোঃ এখলাছ উদ্দিন** উপপরিচালক (পরিকল্পনা ও প্রকাশনা) | ২টি | ৩দিন | ২৩-২৫ জানুয়ারি /২০২১ এবং ২৬-২৮ জানুয়ারি /২০২১ | ৫০ |
| ৬ | "Elemental ICT Skill and e-Governance for the Capacity Development of ATI Officers" | **ড. মোঃ মঈন উদ্দিন** উপপরিচালক (ফুড টেকনোলজি) | ২টি | ৩দিন | ২৩-২৫ জানুয়ারি /২০২১ এবং ২৬-২৮ জানুয়ারি /২০২১ | ৫০ |



এটিআই কর্মকর্তাদের দক্ষতা উন্নয়ন (স্পন্সর্ড) প্রশিক্ষণ এ অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীগণ

# Zoom Platform এ টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) বিষয়ক প্রশিক্ষণ কাম কর্মশালা

২০ অক্টোবর ২০২০, রোজ মঙ্গলবার জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুরে Zoom Platform এ টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) বিষয়ক প্রশিক্ষণ কাম কর্মশালা অনুষ্ঠিত হয়। জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) এর সুযোগ্য মহাপরিচালক ড. মো: আবু সাঈদ মিঞা মহোদয়ের সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন নাটার সুযোগ্য পরিচালক (প্রশাসন) ড. মো. আখতারুজ্জামান এবং প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. মো: আবদুর রউফ, অতিরিক্ত সচিব, কৃষি মন্ত্রণালয়। টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) এবং কৃষি মন্ত্রণালয় সম্পর্কিত মূল প্রবন্ধ উপস্থাপন করেন এ.টি.এম সাইফুল ইসলাম, যুগ্ম সচিব, কৃষি মন্ত্রণালয়। তিনি বলেন, সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোল (এসডিজি)' বা টেকসই উন্নয়ন বলতে ঐ ধরনের উন্নয়নমূলক কর্মকাণ্ডকে বোঝায় যার মাধ্যমে অর্থনৈতিক অগ্রযাত্রাও নিশ্চিত হয় আবার প্রকৃতি এবং বাস্তুতন্ত্র বা ইকোসিস্টেমেও কোনো বাজে প্রভাব পড়ে না। এসডিজির লক্ষ্যগুলো প্রণয়ণ ও প্রচার করেছে জাতিসংঘ যা নির্ধারণ করা হয় ২০১৫ সালের সেপ্টেম্বর মাসে, যুক্তরাষ্ট্রে জাতিসংঘ সাসটেইনেবল ডেভেলপমেন্ট সামিট নামক সম্মেলনে। ২০০০ সালে শুরু হওয়া 'মিলেনিয়াম ডেভেলপমেন্ট গোল' বা এমডিজি অর্জনের সময় শেষ হয় ২০১৫ সালে। এরপর জাতিসংঘ ১৫ বছর মেয়াদি 'সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোল' বা এসডিজি নির্ধারন করে জাতিসংঘ দারিদ্র্য বিমোচন, বিশ্ব রক্ষা এবং একটি নতুন টেকসই উন্নয়নের এজেন্ডা হিসেবে সকলের জন্য সমৃদ্ধি নিশ্চিতে ১৭টি লক্ষ্য ও ১৬৯ টি সহায়ক লক্ষ্যমাত্রা গ্রহণ করে। টেকসই উন্নয়ন অভীষ্ট'র ১৭ টি লক্ষ্যমাত্রা ও ১৬৯ টি টার্গেটের মধ্যে ১০টি লক্ষ্যমাত্রা ৩৩ টি টার্গেট কৃষি মন্ত্রণালয় সম্পর্কিত।



টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) বিষয়ক প্রশিক্ষণ কাম কর্মশালায় অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীগণ

টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) এবং কৃষি মন্ত্রণালয় সংশিষ্ট সূচকসমূহ এবং এসডিজি অর্জনে করণীয় সম্পর্কে প্রবন্ধ উপস্থাপন করেন জনাব এস, এম, ইমরুল হাসান, উপসচিব, কৃষি মন্ত্রণালয়। তিনি এসডিজির ১৭টি লক্ষ্যমাত্রা এবং তা অর্জনে আমাদের করণীয় সম্পর্কে আলোকপাত করেন। অত:পর টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) এবং বাংলাদেশ প্রেক্ষিত বিষয়ক প্রবন্ধ উপস্থাপন করেন জনাব মনিরুল ইসলাম, যুগ্ম সচিব (এসডিজি বিষয়ক), প্রধানমন্ত্রীর কার্যালয়। তিনি এসডিজির ১৭টি লক্ষ্যমাত্রা ও ১৬৯টি টার্গেটের বিস্তারিত আলোচনা করেন। উন্নয়ন লক্ষ্যমাত্রার ১৭ টি লক্ষ্যমাত্রা হলো:

১. দারিদ্র্য বিমোচন ২. খাদ্য নিরাপত্তা, পুষ্টির উন্নয়ন ও কৃষির টেকসই উন্নয়ন ৩. সকলের জন্য সুস্বাস্থ্য নিশ্চিত করা ৪. মানসম্পন্ন শিক্ষার সুযোগ নিশ্চিতকরণ ৫. লিঙ্গ সমতা ৬. সুপেয় পানি ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থা ৭. সকলের জন্য জ্বালানি বা বিদ্যুতের সহজলভ্য করা ৮. স্থিতিশীল ও অংশগ্রহণমূলক অর্থনৈতিক প্রবৃদ্ধি, পূর্ণকালীন উৎপাদনমূলক কর্মসংস্থান ও কাজের পরিবেশ ৯. স্থিতিশীল শিল্পায়ন এবং উদ্ভাবনকে উৎসাহিত করা ১০. দেশের অভ্যন্তরে ও আন্তঃরাষ্ট্রীয় বৈষম্য হ্রাস ১১. মানব বসতি ও শহরগুলোকে নিরাপদ ও স্থিতিশীল রাখা ১২. সম্পদের দায়িত্বপূর্ণ ব্যবহার ১৩. জলবায়ু বিষয়ে পদক্ষেপ ১৪. টেকসই উন্নয়নের জন্য সাগর, মহাসাগর ও সামুদ্রিক সম্পদ সংরক্ষণ ও পরিমিত ব্যবহার নিশ্চিত করা ১৫. ভূমির টেকসই ব্যবহার ১৬. শান্তিপূর্ণ ও অংশগ্রহণমূলক সমাজ, সকলের জন্য ন্যায়বিচার, সকল স্তরে কার্যকর, জবাবদিহি ও অংশগ্রহণমূলক প্রতিষ্ঠান গড়ে তোলা এবং ১৭. টেকসই উন্নয়নের জন্য এ সব বাস্তবায়নের উপায় নির্ধারণ ও বৈশ্বিক অংশীদারিত্বের স্থিতিশীলতা আনা।

সর্বশেষ প্রবন্ধ উপস্থাপন করেন জনাব মো: আলমগীর হোসেন, উপপরিচালক ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা,এসডিজি সেল, বিবিএস। তিনি Understanding the SDG Metadata and SDMX Template for Data Generation and Reporting নিয়ে বিস্তারিত আলোচনা করেন।

# নাটায় এপিএ বিষয়ের উপর প্রশিক্ষণ কাম কর্মশালা অনুষ্ঠিত

জাতীয় কৃষি প্রশিক্ষণ একডেমি (নাটা), গাজীপুর কর্মকর্তাদের প্রশিক্ষণের পাশাপাশি সমসাময়িক ইস্যু নিয়ে সেমিনারের আয়োজন করে। এরই ধারাবাহিকতায় গত ১৬/১১/২০২০ খ্রিঃ তারিখে এপিএ বিষয়ের উপর নাটার ১০ম ও তদূর্ধ্ব গ্রেডের কর্মকর্তাদের এক দিনের প্রশিক্ষণ কাম কর্মশালা অনুষ্ঠিত হয়। এই প্রশিক্ষণ কোর্স-এ নাটার কর্মকর্তারা সরাসরি এবং কৃষি মন্ত্রণালয়ের অধীন অন্যান্য প্রতিষ্ঠানের কর্মকর্তারা জুম প্লাটফর্মে অংশগ্রহণ করেন। এই প্রশিক্ষণ কোর্সে কারিগরি সেশন পরিচালনা করেন জনাব মোঃ আরিফুর রহমান অপু, অতিরিক্ত সচিব (প্রশাসন), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এবং জনাব ড. হুমায়রা সুলতানা, যুগ্ম সচিব, বাজেট ও মনিটরিং অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। এই প্রশিক্ষণের কোর্স-কোঅর্ডিনেটরের দায়িত্ব পালন করেন নাটার সিনিয়র সহকারী পরিচালক (সবজি ও মসলা) জনাব মোঃ ইসকান্দার হোসেন এবং সমাপনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন নাটার সম্মানিত মহাপরিচালক (ভারপ্রাপ্ত) জনাব ড. মোঃ আবু সাইদ মিঞা।



বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বিষয়ক প্রশিক্ষণ কাম কর্মশালায় অংশগ্রহনকারী প্রশিক্ষণার্থীগণ

প্রশিক্ষণে প্রশিক্ষণার্থীদের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বিষয়ে সম্যক ধারনাসহ ২০২০-২১ সালের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রস্তুত প্রক্রিয়া সম্পর্কে বিস্তর আলোচনা করা হয় । প্রশিক্ষণে জনাব মোঃ আরিফুর রহমান অপু 'বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২১ প্রণয়ন, প্রেক্ষাপট, উদ্দেশ্য ও সাধারন নির্দেশনাবলী' এবং 'বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২১ প্রস্তুত প্রক্রিয়া' এই দুটি সেশন এবং জনাব ড. হুমায়রা সুলতানা 'বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২১ পরিবীক্ষণ ও মূল্যায়ন' এবং 'বিভিন্ন সূচকের মান এবং সূচকমান অর্জনে প্রমাণক' এই তিনটি সেশন পরিচালনা করেন। জনাব মোঃ আরিফুর রহমান অপু এবং জনাব ড. হুমায়রা সুলতানা দুইজনেই অত্যন্ত দক্ষতার সাথে সেশন মডারেশন ও উন্মুক্ত আলোচনা পর্ব পরিচালনা করেন। উন্মুক্ত আলোচনা পর্বে কৃষি মন্ত্রণালয়ের অধীন প্রতিষ্ঠানের কর্মকর্তাগণ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রস্তুতকালীন সমস্যাসমূহের সমাধানের নিমিত্ত প্রশ্ন করেন। জনাব মোঃ আরিফুর রহমান অপু এবং জনাব ড. হুমায়রা সুলতানা দুইজনেই অত্যন্ত দক্ষতার সাথে সমস্যাসমূহের সমাধান বিষয়ক ধারনা প্রদান করেন। প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীগণ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বিষয়ে বিস্তর ধারনা লাভ করেন যা তাদের ভবিষ্যত কর্মজীবনে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়নে সুদুরপ্রসারী ভূমিকা রাখবে। দিনব্যাপী প্রশিক্ষণ শেষে নাটার মহাপরিচালক (ভারপ্রাপ্ত) জনাব ড. মোঃ আবু সাইদ মিঞা সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

# RIMES এর সহযোগিতায় আবহাওয়ার পূর্বাভাস সংক্রান্ত প্রশিক্ষণ কোর্স

জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমিতে (নাটায়) গত ২৮/১১/২০২০ খ্রিঃ তারিখে Regional Integrated Multi-hazard Early Warning System (RIMES) এর সহযোগিতায় "আবহাওয়ার পূর্বাভাস সংক্রান্ত" বিষয়ের উপর এক দিনের প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়। এই প্রশিক্ষণ কোর্স-এ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপজেলা কৃষি কর্মকর্তা, কৃষি সম্প্রসারণ কর্মকর্তা ও নাটার কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন। এই প্রশিক্ষণ কোর্সে কারিগরি সেশন পরিচালনা করেন "কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প" এর প্রাক্তন পরিচালক ড. মাযহারুল আজিজ, বর্তমান পরিচালক ড. শাহ্ কামাল খান, রাইমসের কান্ট্রি প্রোগ্রাম লিড মোঃ রায়হানুল হক খান, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের ড. মোঃ আব্দুল মান্নান, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী মোঃ আরিফুজ্জামান। এই প্রশিক্ষণের কোর্স-কোঅর্ডিনেটরের দায়িত্ব পালন করেন নাটার উপ-পরিচালক জনাব এ.এস.এম. জোবায়দুল আলম ও সমাপনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন নাটার সম্মানিত মহাপরিচালক (ভারপ্রাপ্ত) জনাব ড. মোঃ আবু সাইদ মিঞা।

বিশ্বে গ্রীন হাউস গ্যাসের মাত্রাতিরিক্ত নির্গমনের করনে সৃষ্ট জলবায়ুর পরিবর্তনের ফলে যে প্রাকৃতিক দুর্যোগের ঝুঁকি তার মধ্যে বাংলাদেশের অবস্থান প্রথম সারিতে। তাই বাংলাদেশের জন্য নির্ভরযোগ্য কৃষি আবহাওয়ার পূর্বাভাস গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। "কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প" এর প্রকল্প পরিচালক ড. শাহ্ কামাল খান কৃষি উৎপাদন বৃদ্ধির জন্য তিনটি বিষয়ের উপর গুরুত্ব আরোপ করেন-সেগুলো হলো ১) সময়মত ও যথাযথ ফসল ব্যবস্থাপনা ২) ফসলের উৎপাদন খরচ কমানো ৩) নিরাপদে ফসল কর্তন ও ব্যবস্থাপনা। তিনি এই বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। "কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প" এর প্রাক্তন প্রকল্প পরিচালক ড. মোঃ মাযহারুল আজিজ ফসল-আবহাওয়া সম্পর্ক এবং ফসল উৎপাদনে বামিস পোর্টালের ব্যবহার বিষয়ে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে সুন্দরভাবে উপস্থাপন করেন। রাইমসের  সম্মানিত কান্ট্রি প্রোগ্রাম লিড মোঃ রায়হানুল হক খান তার টিম নিয়ে অত্যন্ত দক্ষতার সাথে সেশন মডারেশন ও উন্মুক্ত আলোচনা পর্ব পরিচালনা করেন। প্রশিক্ষণে প্রশিক্ষণার্থীদের মাঝে সার্টিফিকেট বিতরণ করেন জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমির (ভারপ্রাপ্ত) মহাপরিচালক জনাব ড. মোঃ আবু সাইদ মিঞা।



"আবহাওয়ার পূর্বাভাস সংক্রান্ত" প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীগণ সনদ গ্রহণ করছেন

# নাটায় সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয় কর্তৃক ন্যাশনাল এগ্রিকালচারাল রিসার্চ সিস্টেম (এনএআরএস) ভুক্ত কৃষি বিজ্ঞানীদের এন-২৭তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠান

বিগত ১৯ ডিসেম্বর, ২০২০ খ্রিঃ জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি কর্তৃক আয়োজিত নাটায় সিনিয়র সচিব কৃষি মন্ত্রণালয় কর্তৃক এন-২৭ তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। বিজয়ের মাসে মাননীয় প্রধানমন্ত্রীর দীর্ঘায়ু ও সুস্বাস্থ্য কামনা করে এবং হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও শহিদ মুক্তিযোদ্ধাদের প্রতি বিনম্র শ্রদ্ধা জানিয়ে শুরু করা হয় অনুষ্ঠান। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে মঞ্চে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত সম্মানিত সচিব (বর্তমান সিনিয়র সচিব) জনাব মো. মেসবাহুল ইসলাম, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ বখতিয়ার এবং অনুষ্ঠানে সভাপতিত্ব করেছেন জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমির মহাপরিচালক (ভারপ্রাপ্ত) ড. মোঃ আবু সাইদ মিঞা। সম্মানিত সুধীবৃন্দের মাঝে আরও উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন প্রতিষ্ঠানের বিভাগীয় প্রধানগণ, আমন্ত্রিত অতিথিবৃন্দ, কোর্স পরিচালক, পরিচালক (প্রশাসন), নাটা, নাটার অনুষদবৃন্দ, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ ও NARS ভুক্ত প্রতিষ্ঠানের বিজ্ঞানীদের এন-২৭ তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীবৃন্দ। প্রধান অতিথি মহোদয়, জনাব মো. মেসবাহুল ইসলাম বলেন, বাংলাদেশের কৃষির উন্নয়নে কৃষি বিজ্ঞানীদের অনেক ভূমিকা রয়েছে। কৃষির এই অগ্রযাত্রা অব্যাহত রাখতে বিজ্ঞানীদের বিভিন্ন ফসলের আরও ভালো ভালো জাত উদ্ভাবন করতে হবে এবং নিরলস পরিশ্রম করে যেতে হবে। বিশেষ অতিথি, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ বখতিয়ার বলেন, NARS ভুক্ত ও কৃষি মন্ত্রণালয়ের অধীনে কৃষি সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠানের কর্মকর্তাদের সমন্বিত কাজের মাধ্যমেই আমরা একদিন কৃষিতে নিজেদের উচ্চ অবস্থান নিশ্চিত করতে পারব। এজন্য বাড়াতে হবে বিজ্ঞানী ও কর্মকর্তাদের কর্মদক্ষতা। আর কর্মদক্ষতা বাড়াতে প্রশিক্ষণের কোনো বিকল্প নেই। অনুষ্ঠানটি বিকাল ৩.০০ টায় শুরু হয় এবং শেষ হয় বিকাল ৫.০০ টায়। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি কর্তৃক আয়োজিত NARS ভুক্ত প্রতিষ্ঠানের বিজ্ঞানীদের এন-২৭ তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী ঘোষনা করা হয়। অনুষ্ঠানে অত্যন্ত প্রাঞ্জল ভাষায় ধন্যবাদ জ্ঞাপন করেন নাটার সম্মানিত পরিচালক (প্রশাসন) ড. মো. আখতারুজ্জামান।



ন্যাশনাল এগ্রিকালচারাল রিসার্চ সিস্টেম ভুক্ত প্রতিষ্ঠানের বিজ্ঞানীদের ২৭তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে সিনিয়র সচিব মহোদয়ের সাথে প্রশিক্ষণার্থীবৃন্দ

# প্রতিষ্ঠানভিত্তিক প্রশিক্ষণার্থীর সংখ্যাঃ

| ক্র.নং | প্রতিষ্ঠানের নাম | প্রশিক্ষণার্থীদের সংখ্যা মোট |
|---|---|---|
| ১ | বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল | ৪ |
| ২ | বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট | ৯ |
| ৩ | বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট | ৫ |
| ৪ | বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট | ৩ |
| ৫ | বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট | ৫ |
| ৬ | বাংলাদেশ সুগার ক্রপ গবেষণা ইনস্টিটিউট | ৫ |
| ৭ | মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট | ৩ |
| ৮ | বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট | ২ |
| ৯ | বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট | ২ |
| ১০ | বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট | ১ |
| ১১ | তুলা উন্নয়ন বোর্ড | ১ |
| | মোট = | ৪০ |

## জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে মুক্তিযুদ্ধের চেতনা ধারণ ও ডিজিটাল প্রযুক্তির সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে জাতীয় সমৃদ্ধি অর্জন শীর্ষক আলোচনা অনুষ্ঠান

১৬ ডিসেম্বর, বাঙালি জাতির গৌরবোজ্জ্বল দিন। এটি আমাদের বিজয় দিবস। বিগত ২৭ ডিসেম্বর, ২০২০ খ্রিঃ মহান বিজয় দিবসের অংশ হিসেবে জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি কর্তৃক আয়োজিত "জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে মুক্তিযুদ্ধের চেতনা ধারণ ও ডিজিটাল প্রযুক্তির সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে জাতীয় সমৃদ্ধি অর্জন" শীর্ষক আলোচনা অনুষ্ঠান Zoom platform এ সকাল ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমির সুযোগ্য মহাপরিচালক (ভারপ্রাপ্ত) ড. মো. আবু সাইদ মিঞা। উক্ত অনুষ্ঠানের সঞ্চালক ড. মো. অখতারুজ্জামান, পরিচালক (প্রশাসন) সহ নাটার সকল অনুষদবৃন্দ ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ যুক্ত হয়ে আলোচনা অনুষ্ঠানটিকে সাফল্যমন্ডিত করেছেন। অনুষ্ঠানে মুখ্য আলোচক হিসেবে আলোচনায় অংশগ্রহণ করেন জনাব বনানী কর্মকার, সিনিয়র সহকারী পরিচালক (সয়েল ফিজিক্স) ও জনাব মৌসুমী পাল, সিনিয়র সহকারী পরিচালক (বায়োটেকনোলজী), নাটা। পরবর্তীতে ড. মো. জামাল উদ্দীন, উপপরিচালক (কীটতত্ত্ব), জনাব মোঃ ছাইদুর রহমান, উপপরিচালক (প্রশাসন), ড. মো. আখতারুজ্জামান, পরিচালক (প্রশাসন ও সাপোর্ট সার্ভিস) ও ড. মো. আবু সাইদ মিঞা, মহাপরিচালক (ভারপ্রাপ্ত), নাটা মহোদয় বিষয়টির তাৎপর্য ও গুরুত্ব আলোচনা করেন।

আলোচনা অনুষ্ঠানে মুখ্য আলোচক জনাব বনানী কর্মকার বলেছেন, হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আহবানে সাড়া দিয়ে বাঙালি জাতি দীর্ঘ নয় মাসের সশস্ত্র মুক্তিযুদ্ধের মাধ্যমে ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর চূড়ান্ত বিজয় অর্জন করে। ৫২ এর ভাষা আন্দোলন থেকে ৭১ এর মুক্তিযুদ্ধ, বাংলার রাজনীতির প্রতিটি পদক্ষেপে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের রাজনৈতিক দূরদর্শিতা ও প্রজ্ঞার ফসল আমাদের আজকের স্বাধীন বাংলাদেশ এ বিষয়ে তিনি আলোকপাত করেন। বিজয়ের ৪৯ বছর পরও বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা বিনির্মানে আমাদের মুক্তিযুদ্ধের চেতনাকে হৃদয়ে ধারণ করে এগিয়ে যাওয়ার আশাবাদ ব্যক্ত করা হয়। তিনি আরও বলেন, মুক্তিযুদ্ধ থেকে আমরা শিখেছি একতা, মনোবল, প্রত্যয় ও প্রতিজ্ঞা থাকলে স্বল্প পুঁজি দিয়েও যেকোন প্রতিবন্ধকতাকে জয় করা যায়। সাম্প্রতিক তেমনি একটি অর্জন পদ্মা সেতু। মুক্তিযুদ্ধের অবিনাশী চেতনাকে বুকে ধারণ করে মুজিব আদর্শের প্রতিটি সৈনিক দেশ ও জাতির কল্যাণে মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিটি উদাত্ত্ব আহবানে আজ ঐক্যবদ্ধ হয়ে ক্ষুদ্র আয়তনের একটি উন্নয়নশীল দেশ হয়েও ইতোমধ্যে শিক্ষাখাতে, স্বাস্থ্যসেবায়, নারী ও শিশু উন্নয়নে, নারীর ক্ষমতায়নে, কৃষিতে কৃতিত্ব এবং খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন, বিদ্যুৎখাতে, দারিদ্র্য দূরীকরণে ও ডিজিটাল বাংলাদেশ গঠনে সাফল্য অর্জন করেছে। অপর মুখ্য আলোচক জনাব মৌসুমী পাল বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান মহান মুক্তিযুদ্ধের চেতনায় ক্ষুধা-দারিদ্র্যমুক্ত বাংলাদেশ গড়ার লক্ষ্যে স্বাধীন বাংলাদেশের দায়িত্বভার গ্রহণ করার পর মাত্র সাড়ে তিন বছরের শাসনামলে একটি সুখী সমৃদ্ধ সোনার বাংলার স্বপ্ন দেখেছিলেন। তারই উত্তরসূরি ডিজিটাল বাংলাদেশের রূপকার মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০০৮ সালের ১২ ডিসেম্বর ডিজিটাল বাংলাদেশ রূপকল্প ২০২১ ঘোষনা করেন। জাতির পিতা কর্তৃক ১৯৭৫ সালে রাঙ্গামাটিতে চট্টগ্রামের বেতবুনিয়ায় ভূ-উপগ্রহ স্থাপনের মধ্য দিয়ে ডিজিটাল বাংলাদেশ প্রতিষ্ঠার পথ নকশা রচিত হয়। বঙ্গবন্ধুর গৃহীত ও বাস্তবায়িত উদ্যোগগুলোই ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের মূল প্রেরণা। প্রকৃতপক্ষে বঙ্গবন্ধুর সোনার বাংলার আধুনিক রূপই হচ্ছে আজকের ডিজিটাল বাংলাদেশ। ডিজিটাল প্রযুক্তির ধারনা হলো আধুনিক তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সকল সুবিধা ব্যবহার করে অল্প সময়ে, কম পরিশ্রমে, স্বল্পব্যয়ে মানুষের দোরগোড়ায় তথ্য ও সেবা পৌঁছানোর নিশ্চয়তা প্রদান। একটি উন্নত বিজ্ঞান সমৃদ্ধ বৈষম্যমুক্ত, দুর্নীতিমুক্ত, দারিদ্র্য ও ক্ষুধামুক্ত সমৃদ্ধ বাংলাদেশের মুখ্য চালিকা শক্তিই হচ্ছে ডিজিটাল প্রযুক্তি। তিনি আরও উল্লেখ করেন-

## ডিজিটাল বাংলাদেশের চারটি স্তম্ভঃ

১। আইসিটি অবকাঠামো ও কানেক্টিভিটি প্রতিষ্ঠা

২। দক্ষ মানবসম্পদ উন্নয়ন

৩। ই-গভর্ণেন্স

৪। আইসিটি শিল্পের বিকাশ

শিক্ষা, স্বাস্থ্য ও কৃষি খাতে ডিজিটাল প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি পেয়েছে ব্যাপকভাবে। স্বাস্থ্যখাতে টেলিমেডিসিন সেবা, শিক্ষা খাতে বিভিন্ন পরিসেবা যেমনঃ অনলাইনে ভর্তি, অনলাইন ফল প্রকাশ, ই-বুক প্লাটফরম ইত্যাদি। কৃষি খাতে কৃষিকল সেন্টার, কৃষি বিষয়ক বিভিন্ন অ্যাপের ব্যবহার যেমন-কৃষকের জানালা, কৃষকের ডিজিটাল ঠিকানা ব্যবহার বৃদ্ধি পেয়েছে।
অনলাইন এনআইডি, জন্ম ও মৃত্যু সনদ, ই-পাসপোর্ট, অনলাইন ইনকাম টেক্স রিটার্ন দাখিল সেবাকে করেছে সহজীকরণ। অর্থনৈতিক ক্ষেত্রে গতিশীলতা এনেছে মোবাইল ব্যাংকিং, এটিএম বুথ এবং ডিজিটাল কার্ডের ব্যবহার।

উন্নত বিশ্বের সাথে তাল মিলিয়ে বাংলাদেশ এখন ইন্টারনেট অব থিংকস বা চতুর্থ শিল্প বিপ্লব যুগে প্রবেশ করেছে। বিশেষজ্ঞরা তথ্য প্রযুক্তিভিত্তিক এই অবিস্মরনীয় উন্নয়ন ও অগ্রগতিকে আখ্যায়িত করেছেন ডিজিটাল রেনেসাঁ বা ডিজিটাল নবজাগরণ হিসাবে। সোনার বাংলা বিনির্মাণে ডিজিটাল প্রযুক্তির সম্প্রসারণ জাতীয় তথ্য বাতায়ন বর্তমান ডিজিটাল সরকারের যুগান্তকারী পদক্ষেপ। এতে ৬০০'র বেশী 'ই-সেবা' সন্নিবেশিত আছে। সারা দেশজুড়ে স্থাপিত হয়েছে ৫ হাজার বেশী ডিজিটাল সেবাকেন্দ্র। দেশের প্রান্তিক জনগোষ্ঠী খুব সহজেই তথ্য প্রযুক্তি সেবা গ্রহণ করতে পারছে।
সরকারী জরুরী নিরাপত্তা ও সেবায় হটলাইনের ব্যবহার যেমনঃ ৩৩৩- সরকারী তথ্য ও সেবা, ৯৯৯- জরুরীসেবা, ১০৯-নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, দুদক -১০৬ ও দুর্যোগের পূর্বাভাসের আগাম বার্তায় ১০৯০ নম্বরের ব্যবহার প্রতিনিয়ত বৃদ্ধি পাচ্ছে।

বর্তমান সরকারের ডিজিটাল প্রযুক্তিক্ষেত্রে অনবদ্য সাফল্য হল বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর সফল উৎক্ষেপণ। এ প্রেক্ষিতে বাংলাদেশ স্যাটেলাইট এলিট ক্লাবের ৫৭তম সদস্য। স্যাটেলাইট থেকে সম্প্রচার, টেলিযোগাযোগ ও ডাটা কমিউনিকেশন এই তিন ধরনের সেবা প্রদানের মাধ্যমে প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জন এবং সাশ্রয় সম্ভব।
কোভিড-১৯ চ্যালেঞ্জ মোকাবেলায় ডিজিটাল প্রযুক্তি ব্যবহার করে অনলাইন স্বাস্থ্যসেবা, অনলাইন ক্লাস, প্রশিক্ষণ, ই-বিজনেস ও ব্যাংকিং এমনকি অনলাইনে বিচার ব্যবস্থাও চালু রাখা সম্ভব হয়েছে।

ডিজিটাল প্রযুক্তি ব্যবহারে বিভিন্ন নেতিবাচক দিক থাকলেও এর ভালো দিকগুলো কাজে লাগাতে হবে। প্রযুক্তি হচ্ছে উন্নয়নের বাহন যা বর্তমান সময়ের উল্লেখযোগ্য আবিষ্কার। বিজ্ঞান ও প্রযুক্তি নির্ভর এক আধুনিক, স্বনির্ভর জাতি গড়ে তোলার মাধ্যমেই জাতীয় সমৃদ্ধি অর্জন সম্ভব। কঠোর পরিশ্রমের ফলেই সীমাহীন বাঁধার মুখে পড়েও অর্থনৈতিক দিক থেকে বাংলাদেশ বিশ্বের ৩৩ তম রাষ্ট্রে পরিণত হয়েছে। শুধু তাই নয়, প্রাইস ওয়াটারহাউস কুপারসের সমীক্ষা অনুযায়ী ২০৫০ সালের মাঝে বাংলাদেশ হতে চলছে পৃথিবীর ২৩ তম অর্থনৈতিক শক্তি। সামাজিক ও অর্থনৈতিক সূচকের ইতিবাচক পরিবর্তন বিশ্ব দরবারে বাংলাদেশ অনুকরণীয় দৃষ্টান্ত হয়ে দাঁড়িয়েছে। আধুনিক, স্বনির্ভর ডিজিটাল বাংলাদেশ গঠনের যে স্বপ্ন বঙ্গবন্ধু ও তার কন্যা দেখেছিলেন তা আজ আর শুধু স্বপ্ন নয় বরং বাস্তবতা।

# ১০ জানুয়ারি ২০২১ নাটায় বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালন

জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) এর অত্যাধুনিক মিলনায়তনে, নাটায় কর্মরত সকল কর্মকর্তা কর্মচারীদের সমন্বয়ে, স্বাধীন বাংলাদেশের স্থপতি হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর স্বদেশ প্রত্যাবর্তন দিবস ১০ জানুয়ারি ২০২১ উপলক্ষ্যে প্রাণবন্ত আলোচনা সভা ও জাতির পিতার ভাস্কর্য বিরোধীদের অপকর্ম ও অপচেষ্টার বিরুদ্ধে রুখে দাঁড়ানোর প্রত্যয়ে প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়। আলোচনা ও প্রতিবাদ সভায় সভাপতিত্ব করেন নাটার উপপরিচালক কৃষিবিদ ড. মাহমুদ হাসান, প্রধান অতিথি ড. মো. আখতারুজ্জামান, মহাপরিচালক (ভারপ্রাপ্ত) এবং বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কৃষিবিদ মোঃ জামাল উদ্দিন উপপরিচালক, নাটা। আলোচনা ও প্রতিবাদ সভায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমির সিনিয়র সহকারী পরিচালক, কৃষিবিদ আনোয়ারুল ইসলাম জুয়েল। অনুষ্ঠানটির সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন নাটার উপপরিচালক ড. মো. মঈন উদ্দিন যিনি নাটার মুজিব জন্মশতবার্ষিকী পালন বিষয়ক সকল অনুষ্ঠানের ফোকাল পার্সন।

নির্ধারিত আলোচক হিসাবে নাটার লাইব্রেরিয়ান জনাব লুপু রহমান তার কাব্যিক এবং মনোরম কণ্ঠে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবসকে অত্যন্ত হৃদয়গ্রাহীভাবে উপস্থাপন করেন। কৃষিবিদ মাহমুদুল হাসান, (প্রকল্প পরিচালক, জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি শক্তিশালীকরণ প্রকল্প) মূল প্রবন্ধকার ও অপর আলোচকের আলোচনার সূত্র ধরে চমৎকার বিশ্লেষণধর্মী বক্তব্য রাখেন।

প্রধান অতিথি ড. মো. আখতারুজ্জামান মহাপরিচালক (ভারপ্রাপ্ত) বক্তব্য উপস্থাপনকালে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষ্যে বলেন, "বঙ্গবন্ধু ক্ষণজন্মা প্রবাদ পুরুষের ভাস্কর্য নির্মাণের বিরোধিতার কাজে যাঁরা সরব, তাঁদের বিরুদ্ধে রুখে দাঁড়ানোর জন্য আমাদের সবাইকে এক যোগে কাজ করতে হবে। জাতির পিতার ভাস্কর্য বিরোধী স্বার্থান্বেষী কতক মানুষের নীলনক্সা বাস্তবায়নকে যেকোন মূল্যে প্রতিহত করতে হবে।" অনুষ্ঠানটি উপস্থাপন করেন নাটার সিনিয়র সহকারী পরিচালক কৃষিবিদ বনানী কর্মকার।



১০ জানুয়ারি বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষ্যে আলোচনা সভা

## ন্যাশনাল এগ্রিকালচারাল রিসার্চ সিস্টেম (এনএআরএস) ভুক্ত কৃষি বিজ্ঞানীদের এন-২৭ তম বুনিয়াদি প্রশিক্ষণে 'গদ্য-পদ্যের জমিন' শিরোনামে নান্দনিক দেয়ালিকা প্রকাশ

দেয়ালে দেয়ালে, মনের খেয়ালে
লিখে যাই কত কথা
আমি যে বেকার, পেয়েছি লেখার স্বাধীনতা।

শিশু বয়সে কবি সুকান্ত ভট্টাচার্য এভাবেই দেয়ালের ওপর কয়লার আঁচড় কেটে নিজের সৃজনশীল প্রতিভার প্রকাশ ঘটিয়েছিলেন। শুধু সুকান্তই নন, সাহিত্য জগতে প্রতিষ্ঠিত অগণিত শিল্পী, কবি-সাহিত্যিকের আবির্ভাব ঘটেছে এই 'দেয়ালকে' আশ্রয় করে। সরাসরি দেয়াল অথবা দেয়ালের ওপর স্থাপিত কাগজ বা অন্য কোন বস্তুর ওপর লিখে চিন্তা ও মত প্রকাশের কৌশল অতি প্রাচীন। কম্পিউটার তো অনেক পরের কথা, মুদ্রণ যন্ত্র বা টাইপ রাইটার আবিষ্কারের আগেও হাতে লেখা নান্দনিক সাহিত্যপত্র প্রকাশের প্রচলন ছিল। কালক্রমে লেখালেখির প্রক্রিয়াগুলোই 'দেয়াল পত্রিকা'র রূপ ধারণ করে।বলা যায় 'দেয়াল' এর মতো করে অবয়ব নির্মাণ করা হয় বলেই এ ধরনের পত্রিকাকে 'দেয়াল পত্রিকা' বা 'দেয়ালিকা' বলে। বিষয়গত দিক দিয়ে দেয়াল পত্রিকা বেশ বৈচিত্র্যময়। কবিতা, ছড়া, গল্প, স্মৃতিচারণ, ইতিহাস, ঐতিহ্য, সামাজিক-সাংস্কৃতিক ভাবনা সবই প্রকাশ করা হয় এতে। এটি সৃজনশীল প্রতিভা বিকাশের একটি দর্শনীয় মাধ্যম। জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) তে নার্সভুক্ত কৃষি বিজ্ঞানীদের এন-২৭ তম বুনিয়াদি প্রশিক্ষণের 'গদ্য-পদ্যের জমিন' শিরোনামে একটি নান্দনিক দেয়ালিকা প্রকাশিত হয়েছে, যেখানে কোর্সের প্রশিক্ষণার্থীদের সৃষ্টিশীলতা প্রস্ফুটিত হয়েছে। কৃষি বিজ্ঞানীরা যে শুধু মাঠে-ঘাটে কৃষির নিত্য নতুন লাগসই ও টেকসই প্রযুক্তি উদ্ভাবনের কাজেই নিয়োজিত নন, তাঁরা যে সাংস্কৃতিক অঙ্গনকেও সমভাবে মাতিয়ে রাখতে সক্ষম সেই আলোকচ্ছটার কিছুটা বিচ্ছুরণ প্রতিফলিত হয়েছে এই দেয়াল পত্রিকাটিতে। দেয়ালিকাটির সমস্ত লেখনী জুড়ে প্রকাশ পেয়েছে গ্রাম বাংলার ঐতিহ্য, অমর একুশে, মুক্তিযুদ্ধের চেতনা ও তরুণ প্রজন্মের দেশপ্রেমের কথা। ভাষা আন্দোলন, বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ সব একইসূত্রে গাঁথা। এছাড়াও দেয়ালিকাটির একটি বিশেষত্ব হল অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের ৩৮ জনের নামের বিপরীতে মজাদার ও বুদ্ধিদীপ্ত নামের খেতাব প্রদান। যে খেতাবের সাথে প্রত্যেকের চারিত্রিক ও বৈশিষ্ট্যগত মিল খুঁজে পাওয়া যায়। পোশাকি এ খেতাবগুলো সত্যিই দুর্দান্ত সংযোজন। দেয়ালিকাতে নাটার সম্মানিত মহাপরিচালক ড. মো. আখতারুজ্জামান স্যারের অনবদ্য লেখনী এটিকে নতুন মাত্রা দিয়েছে। এছাড়াও কোর্স পরিচালক, জনাব মো. জামাল উদ্দীন ও কোর্স কো-অর্ডিনেটর ড. মো. জামাল উদ্দীন স্যার দেয়ালিকাতে তাদের নিজ নিজ অভিমত ও প্রশিক্ষণার্থীদের  শুভকামনা জানিয়েছেন। দেয়াল পত্রিকাটির সম্পাদনা করেছেন কৃষি বিজ্ঞানী জনাব মোখলেছুর রহমান। দেয়ালিকাটি অবমুক্ত করা হয়েছে ৩ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিঃ তারিখে। দেয়ালিকাটির সার্বিক তত্ত্বাবধান ও দিকনির্দেশনায় ছিলেন নাটা অনুষদের পক্ষ থেকে জনাব মোঃ সাইফুল ইসলাম, সিনিয়র সহকারী পরিচালক মহোদয়, এছাড়াও জনাব শামীমা আক্তার, নুর অলিয়া হকসহ অন্যান্য অনুষদবৃন্দ সার্বিক সহযোগিতা করেছেন।




'গদ্য-পদ্যের জমিন' শিরোনামে নান্দনিক দেয়ালিকা

# "করোনাকালে কৃষি উৎপাদন ব্যবস্থাপনা ও আমাদের করণীয়" শীর্ষক সেমিনার

জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) তে ১৭ ফেব্রুয়ারি/২০২১ খ্রি. তারিখে দিনব্যাপী অনুষ্ঠিত হয় সমসাময়িক বহুল আলোচিত বিষয় "করোনাকালে কৃষি উৎপাদন ব্যবস্থাপনা ও আমাদের করণীয়" শীর্ষক এক সেমিনার। ড. মোঃ আখতারুজ্জামান, মহাপরিচালক (ভারপ্রাপ্ত), জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) এর সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব ওয়াহিদা আক্তার এবং মূল প্রবন্ধ উপস্থাপন করেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সাবেক মহাপরিচালক ড. মো. আব্দুল মুঈদ এবং নির্ধারিত আলোচক ছিলেন জনাব রিনা রানী সাহা, পরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর এবং ড. মোঃ শাহজাহান কবীর, মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর। সেমিনারে উপস্থিত প্রধান অতিথি, কী-নোট স্পীকার উপস্থাপন, নির্ধারিত আলোচকদ্বয় সহ অনান্য আমন্ত্রিত অতিথিবৃন্দের অংশগ্রহণে সেমিনারটি অত্যন্ত প্রাণবন্ত হয়ে উঠে। সেমিনারে নাটাসহ কৃষি মন্ত্রণালয়ের আরো ১৬টি প্রতিষ্ঠান, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয় এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় থেকে আগত শতাধিক পদস্থ কর্মকর্তা ও শিক্ষকবৃন্দ অংশগ্রহণ করেন। মূল প্রবন্ধকার ড. মো. আব্দুল মুঈদ, সাবেক মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর অত্যন্ত সুন্দর, সাবলীল ও প্রাঞ্জল ভাষায় ধারাবাহিকভাবে তাঁর তথ্যবহুল বক্তব্য উপস্থাপন করেন। তাঁর ধারাবাহিক আলোচনার প্রধান ইস্যু সমূহ ছিল: ১. অর্থনীতির উপর কোভিড-১৯ অতিমারীর প্রভাব ২. কৃষি উৎপাদনে প্রভাব ৩. কৃষি উৎপাদন নিশ্চিতকরণে সরকারি পদক্ষেপ সমূহ ৪. কৃষির ভবিষ্যত উৎপাদন বৃদ্ধিতে করণীয়।

প্রধান অতিথি জনাব ওয়াহিদা আক্তার, অতিরিক্ত সচিব (প্রশাসন) কৃষি মন্ত্রণালয় বক্তৃতায় বলেছেন যে, ভয়াবহ অতিমারি করোনা কালে দেশ বিদেশের সকল সংস্থা কর্তৃক আমাদের মত দেশে মৃত্যুর মিছিল ও দুর্ভিক্ষের যে সব আশঙ্কা করা হয়েছিল মাননীয় প্রধানমন্ত্রী সে সকল আশারন্ধ পদপৃষ্ঠ করে দেশকে সামনের দিকে এগিয়ে নিয়ে যাচ্ছেন। উন্নত বিশ্ব যেখানে করোনা ভ্যাকসিন পেতে হিমশিম খাচ্ছে, সেখানে মাননীয় প্রধানমন্ত্রীর দূরদর্শী নেতৃত্বের কারণেই করোনা ভ্যাকসিন এখন আমাদের জন্য সহজলভ্য। করোনাকালে জাতীয় প্রবৃদ্ধি অর্জনে বাংলাদেশের অবস্থান এশিয়া মহাদেশে প্রথম এবং বিশ্বপরিমন্ডলে ২০তম। এটিও আমাদের জন্যে এক বিশাল সুখবার্তা।

সেমিনার শেষে যে পয়েন্টগুলো গুরুত্ব পায় তা হলো -করোনা পরিস্থিতি এবং পরিবর্তিত জলবায়ুর চ্যালেঞ্জ মোকাবেলা করে কৃষি ব্যবস্থার উন্নয়ন ও টেকসই খাদ্য নিরাপত্তা ও পুষ্টি নিশ্চিতকরণে নিম্নোক্ত বিষয়গুলির প্রতি গুরুত্বারোপ করতে হবে।

০১. আউশ উৎপাদনের জন্য সেচ প্রকল্পগুলোর সেচ খরচ মওকুফ করা, সেচ প্রকল্প সঠিক সময়ে চালু করা।

০২. কৃষিকাজে ব্যবহৃত কৃষি উপকরণের দাম বাজারে সর্বনিম্ন পর্যায়ে রাখা। কারণ উচ্চমূল্যে কৃষি উপকরণ ক্রয়ে কৃষকের উৎপাদন খরচ বেড়ে যায়। সে ক্ষেত্রে কৃষক উৎপাদিত ফসলের ন্যায্যমূল্য না পেয়ে হতাশ হয়ে যান।

০৩. কৃষকের উৎপাদিত ফসল যথাযথ সংরক্ষণের ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে উৎপাদিত ফসলের প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণের প্রশিক্ষণ ও অবকাঠামো নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

০৪. দেশের সব পতিত জমি কৃষিযোগ্য জমিতে পরিণত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

০৫. ফসলের নতুন জাত দ্রুত সম্প্রসারণ এবং নিবিড় চাষ ব্যবস্থাপনা (সঠিক সময়ে চাষ, রোপণ, সেচ) উন্নত করা।

০৬. কৃষককে কৃষিকাজে খাদ্যশস্য উৎপাদনে উৎসাহিত করার ইতিবাচক ধারা অব্যাহত রাখতে হলে তাকে উৎপাদিত ফসলের ন্যায্যমূল্যের নিশ্চয়তা দিতে হবে। সে ক্ষেত্রে কৃষকের কাছ থেকে সরাসরি সরকারিভাবে বেশির ভাগ ফসল ক্রয়, গুদামজাত ও বিক্রির ব্যবস্থা করা প্রয়োজন। তা ছাড়া অনলাইন পোর্টাল করে অথবা ফেসবুক গ্রুপ করে কৃষকের উৎপাদিত পণ্য বিক্রির জন্য সরকারি-বেসরকারি খাতকে উদ্বুদ্ধ করা যেতে পারে।

০৭. চরাঞ্চল, পাহাড়ী অঞ্চলে কৃষি উৎপাদন বাড়ানোর জন্য কৃষি বিভাগ কৃষি গবেষণা প্রতিষ্ঠানকে একযোগে কাজ করা;

০৮. টেকসই উৎপাদনের জন্য কৃষি যান্ত্রিকীকরণে আরো দৃঢ় পদক্ষেপ নেওয়া।

০৯. খামার ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি উৎপাদনে আধুনিক প্রযুক্তি ব্যবহার করে উৎপাদনে গতি আনা।

১০. "বঙ্গবন্ধুর অবদান, কৃষিবিদ ক্লাশ ওয়ান" এ ঘোষণার সম্মান অক্ষুন্ন রাখা এবং কৃষি উৎপাদনের জন্য দীর্ঘ মেয়াদী পরিকল্পনা গ্রহণ করা।

১১. কৃষি সম্প্রসারণ বিভাগের মাধ্যমে পুষ্টি বাগানের স্থাপন কাজ জোরদারকরণ এবং বিজেআরআই দ্বারা উদ্ভাবিত ৩টি পাটশাকের জাত যা ক্যারোটিন ও ভিটামিন সি সমৃদ্ধ পুষ্টি বাগানে সংযুক্ত করা।

১২. ভাল মানের ফল উৎপাদন, কাঁঠাল, আনারস এ সকল ফসল প্রসেসিং শিল্পকে উন্নত করা।

১৩. উদ্বৃত্ত এলাকা থেকে খাদ্য চাহিদার এলাকায় নিয়ে আসার জন্য কৃষি বিপণন অধিদপ্তরের আরও তৎপর হওয়া।

১৪. সরকারের পক্ষ থেকে উদ্যোগ গ্রহণ করে কৃষকের কাছ থেকে সবজি ক্রয় করে ন্যায্য মূল্য নিশ্চিত করা, এছাড়াও করোনাকালে মাঠে কাজ করে যারা আক্রান্ত হয়েছেন তাদের স্বীকৃতি জ্ঞাপনের অনুরোধ করা হয়।

সভাপতি জনাব ড. মোঃ আখতারুজ্জামান, মহাপরিচালক (ভারপ্রাপ্ত), জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), সকলকে সেমিনারে অংশগ্রহণ করার জন্য সাধুবাদ জানান। সেমিনার শেষে সেমিনার সমন্বয়ক ড. মোঃ মঈন উদ্দিন, উপপরিচালক (ফুড টেকনোলজি) নাটা সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।



"করোনাকালে কৃষি উৎপাদন ব্যবস্থাপনা ও আমাদের করণীয়" শীর্ষক সেমিনারে বক্তব্য রাখছেন ড. মো. আখতারুজ্জামান, মহাপরিচালক, নাটা



"করোনাকালে কৃষি উৎপাদন ব্যবস্থাপনা ও আমাদের করণীয়" শীর্ষক সেমিনারে বক্তব্য রাখছেন জনাব ড. মো. আব্দুল মুঈদ, সাবেক মহাপরিচালক, ডিএই



"করোনাকালে কৃষি উৎপাদন ব্যবস্থাপনা ও আমাদের করণীয়" শীর্ষক সেমিনারে বক্তব্য রাখছেন জনাব রিনা রাণী সাহা



"করোনাকালে কৃষি উৎপাদন ব্যবস্থাপনা ও আমাদের করণীয়" শীর্ষক সেমিনারে আমন্ত্রিত অতিথিবৃন্দ

# আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস পালন

২০২১ সালের একুশে ফেব্রুয়ারি জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমিতে সাড়ম্বরে পালন করা হয় শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস যা বাঙালি জনগণের ভাষা আন্দোলনে মর্মন্তুদ স্মৃতি বিজড়িত একটি দিন হিসেবে চিহ্নিত হয়ে আছে। ১৯৫২ সালের এই দিনে (৮ ফাল্গুন, ১৩৫৮, বৃহস্পতিবার) বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা করার দাবিতে আন্দোলনরত ছাত্রদের ওপর পুলিশের গুলিবর্ষণে কয়েকজন তরুণ শহিদ হন। তাদের মধ্যে অন্যতম হলো সালাম, রফিক, বরকত, জব্বার সহ নাম না জানা আরও অনেকে। তাই এই দিনটি শহিদ দিবস হিসেবে চিহ্নিত হয়ে আছে। ২০১০ খ্রিষ্টাব্দে জাতিসংঘ কর্তৃক গৃহীত সিদ্ধান্ত মোতাবেক প্রতি বছর একুশে ফেব্রুয়ারি বিশ্বব্যাপী আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস পালন করা হয়। তারই অংশ হিসেবে নাটার প্রজ্ঞাবান মহাপরিচালক ড. মো. আখতারুজ্জামান বিভিন্ন কর্মযজ্ঞের আয়োজন করেন। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন নাটার সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ এবং বুনিয়াদি প্রশিক্ষণে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীগণ। অনুষ্ঠানে সকল নারী কর্মকর্তা একই ধরনের কালো শাড়ি ও পুরুষ কর্মকর্তা একই ধরনের কালো পাঞ্জাবি পরে রাত বারোটার সময় শহিদ বেদিতে পুষ্পস্তবক অর্পণ করেন। এরপর সারিবদ্ধ ভাবে শোক শোভাযাত্রা ও শহিদবেদিতে আলোচনা সভা করা হয়। উক্ত অনুষ্ঠানে সবার উপস্থিতি ছিলো চোখে পড়ার মত। নাটার আবাসিকের ছোট ছোট বাচ্চারাও রাতের বেলা স্বতস্ফূর্তভাবে অংশগ্রহণ করে। সূর্যোদয়ের সাথে সাথে শহিদ মিনার চত্বরে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা, বাদ জোহর নাটা জামে মসজিদে শহিদদের আত্মার মাগফিরাত কামনা করে দোয়া মাহফিলের আয়োজন করা হয়। নাটা কর্তৃক আয়োজিত আন্তর্জাতিক মাতৃভাষা দিবস অনুষ্ঠানের রাতের প্রথম প্রহরের কিছু স্থির চিত্র -



একুশে ফেব্রুয়ারি শহিদ দিবস ও আর্ন্তজাতিক মাতৃভাষা দিবসে
শহিদ বেদিতে পুষ্পস্তবক অর্পণ করছেন মহাপরিচালক, নাটা মহোদয়

# ঐতিহাসিক ৭ মার্চ ও জাতীয় দিবস উপলক্ষে আয়োজিত বিশ্লেষণধর্মী ও বুদ্ধিবৃত্তিক আলোচনা সভা

ঐতিহাসিক ৭ মার্চ জাতীয় দিবস। দিবসটি উদযাপনে জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) কর্তৃক বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়। দিনব্যাপী নাটাতে নানা আয়োজনের মধ্য দিয়ে যথাযোগ্য সম্মান ও মর্যাদায় ঐতিহাসিক ৭ মার্চ জাতীয় দিবস পালন করা হয়। জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি কর্তৃক ঐতিহাসিক ৭ মার্চ ও জাতীয় দিবস উপলক্ষ্যে বেলা ৩টা হতে বিকাল ৫টা অব্দি নাটার অডিটোরিয়ামে বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ মার্চের ভাষণের উপরে ''বিশ্লেষণধর্মী বুদ্ধিবৃত্তিক আলোচনা সভা'' অনুষ্ঠিত হয়। উক্ত আলোচনা সভায় সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মো. জামাল উদ্দীন, উপপরিচালক (কীটতত্ত্ব), নাটা; প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অত্র প্রতিষ্ঠানের সুযোগ্য মহাপরিচালক ড. মো. আখতারুজ্জামান এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মাহমুদুল হাসান, প্রকল্প পরিচালক, জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) শক্তিশালীকরণ প্রকল্প। আলোচনা সভায় নাটার অনুষদবর্গ ও বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা কর্মচারীবৃন্দ অংশগ্রহন করেন। উপস্থিত বক্তারা স্ব স্ব বক্তব্যে বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ মার্চের তাৎপর্যের বিশ্লেষণ করেছেন। আলোচনা সভায় মূল প্রবন্ধ উপস্থাপক ছিলেন জনাব বনানী কর্মকার ও জনাব আনোয়ারুল ইসলাম জুয়েল।

জনাব আনোয়ারুল ইসলাম জুয়েল ৭ মার্চ এর পটভূমি ও তাৎপর্য নিয়ে আলোচনা করেন। তাঁর আলোচনায় বলেন-বাঙালীর ইতিহাসে অনেকগুলো দিন আছে, যা আমাদের মনে রাখতে হবে। ৭ মার্চ এর মধ্যে অন্যতম একটি দিন। ৪৮ বছর আগে ১৯৭১ সালের ঐতিহাসিক রেসকোর্স ময়দানে বঙ্গবন্ধু তাঁর জীবনের শ্রেষ্ঠ ভাষণটি দিয়েছিলেন। ১০ লক্ষাধিক লোকের সামনে পাকিস্তানী দস্যুদের কামান-বন্দুক-মেশিনগানের হুমকির মুখে ৭ মার্চ সাত কোটি মানুষ নেতার কণ্ঠে যে শব্দটি শোনার জন্য কান পেতে ছিল, সেই 'স্বাধীনতা' শব্দটি বঙ্গবন্ধুর কণ্ঠে উচ্চারিত হয়। প্রথমবারের মতো জাতীয় দিবস হিসেবে উদযাপিত হচ্ছে ঐতিহাসিক ৭ মার্চ। তিনি আরও উল্লেখ করেন বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ ছিল ১৮ মিনিটের। জনতার সঙ্গে সরাসরি 'সোশ্যাল কন্ট্রাক্ট' বলা যায়। ১৮ মিনিটের ভাষণে বঙ্গবন্ধু উচ্চারণ করেছেন ১১০৯ টি শব্দ, ৮৯ টি বাক্য।



ঐতিহাসিক ৭ মার্চ ও জাতীয় দিবস উপলক্ষ্যে আয়োজিত বিশ্লেষণধর্মী ও বুদ্ধিভিত্তিক আলোচনা সভায় বক্তৃতা করছেন জনাব মাহমুদুল হাসান, প্রকল্প পরিচালক

আলোচনা সভার আরেক মুখ্য আলোচক জনাব বনানী কর্মকার তাঁর আলোচনায় বলেন- ৭ মার্চের ভাষণটি ছিল একটি প্রাজ্ঞ ও কৌশলী ভাষণ। পৃথিবীর অনেক রাষ্ট্রবিজ্ঞানী, রাজনৈতিক বিশ্লেষক ও গবেষক ৭ মার্চের ভাষণকে নিয়ে করেছেন বহুমাত্রিক আলোচনা। লাখ লাখ মানুষের উপস্থিতিতে বঙ্গবন্ধুর এ ভাষণ সময়ের পরিক্রমায় আজ বিশ্বের মানুষের কাছে সম্পদ হিসেবে বিবেচিত। এই ভাষণের রয়েছে বহুমুখী বৈশিষ্ট্য যার মাধ্যমে একটি জাতি স্বাধীনতা যুদ্ধে ঝাঁপিয়ে পড়ার জন্য উজ্জীবিত হয়েছিল।

"কে রোধে তাঁহার বজ্র কণ্ঠবাণী? গণসূর্যের মঞ্চ কাঁপিয়ে কবি শোনালেন তাঁর অমর- কবিতাখানি।"

"এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম/ এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম"

তিনি আরও বলেন- এই ভাষণ শুধু বাঙালি জাতির একান্ত ঐশ্বর্য নয়, বরং বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ আজ বিশ্বমানবতার ঐশ্বর্য। বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণকে ইউনেস্কো কর্তৃক 'বিশ্ব প্রামাণ্য দলিলের' অন্তর্ভুক্ত করার মাধ্যমে বিশ্বমানবতার বিজয় প্রতিষ্ঠিত হয়েছে। ৭ মার্চের ভাষণ আমাদের গর্বের অংশীদার। কবির কবিতায়, শিল্পীর গানে, সিনেমা, নাটকে বহুবার এসেছে এই ভাষণ। শিশুর কণ্ঠে উচ্চারিত হচ্ছে অগণিত বার। যতদিন বাংলাদেশ থাকবে; ততদিন উচ্চারিত হবে সেই বজ্রকণ্ঠ। যতদিন পৃথিবী থাকবে; ততদিন ঝংকৃত হবে সেই কণ্ঠস্বর- "এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম/ এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম"।

# মুজিব জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে নাটা কর্তৃক গৃহীত ব্যবস্থা ও ভবিষ্যত পরিকল্পনা

**বৃক্ষরোপণ:** মুজিব জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে জুন-জুলাই মাস ব্যাপী নাটার আবাসিক ও অফিস চত্বরে ৮০০টি ফলদ, ঔষধি ও মশলা জাতীয় বৃক্ষের চারা রোপন করা হয়।

**জাতীয় শোক দিবস পালন:** ১৫ আগস্ট সূর্যদোয়ের সাথে সাথে জাতীয় পতাকা অর্ধনমিত করার কার্যক্রম সম্পন্ন করেন ড. ছাইদুর রহমান, উপপরিচালক (প্রশাসন), নাটা, গাজীপুর। অতঃপর জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মরণে ভার্চুয়াল আলোচনা অনুষ্ঠান আয়োজন করা হয়। অনুষ্ঠানে ড. শাহ্ কামাল খান, উপপরিচালক, নাটা, গাজীপুর ও শরীফ ইকবাল, সিনিয়র সহকারী পরিচালক, নাটা, গাজীপুর আলোচক হিসেবে অংশগ্রহণ করেন। ভার্চুয়াল সভায় প্রধান অতিথি ছিলেন নাটার মহাপরিচালক (ভারপ্রাপ্ত) ড. মোঃ আবু সাইদ মিঞা।

**আন্তর্জাতিক স্বাক্ষরতা দিবস পালন:** ৮ সেপ্টেম্বর ২০২০ আন্তর্জাতিক স্বাক্ষরতা দিবসে বঙ্গবন্ধুর শিক্ষা ভাবনা বিষয়ক আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন মোঃ আনোয়ারুল ইসলাম জুয়েল, সিনিয়র সহকারী পরিচালক, নাটা, গাজীপুর। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন নাটার মহাপরিচালক ড. মোঃ আবু সাইদ মিঞা এবং সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন ড. মো. আখতারুজ্জামান, পরিচালক (প্রশাসন), নাটা, গাজীপুর।

**বিজয় দিবস পালন:** ১৬ ডিসেম্বর ২০২০ নাটার প্রশাসনিক ভবনের সামনে জাতীয় পতাকা উত্তোলন ও নাটার জামে মসজিদে মিলাদ মাহফিলের আয়োজন করা হয়। জাতীয় পতাকা উত্তোলন সম্পন্ন হয় নাটার পরিচালক (প্রশাসক) ড. মো. আখতারুজ্জামানের নেতৃত্বে: সেখানে নাটার অপরাপর কর্মকর্তা কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

**বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালন:** জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমির (নাটা) অত্যাধুনিক মিলনায়তনে, নাটায় কর্মরত সকল কর্মকর্তা কর্মচারিদের সমন্বয়ে, স্বাধীন বাংলাদেশের স্থপতি হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর স্বদেশ প্রত্যাবর্তন দিবস ১০ জানুয়ারি ২০২১ উপলক্ষ্যে প্রাণবন্ত আলোচনা সভা ও জাতির পিতার ভাস্কর্য বিরোধীদের অপকর্ম ও অপচেষ্টার বিরুদ্ধে রুখে দাঁড়ানোর প্রত্যয়ে প্রতিবাদ সভার আয়োজন করা হয়।

**শহীদ মিনার স্থাপন ও শহীদ দিবস পালন:** নাটায় নজিরবিহীন দ্রুততার সাথে শহীদ মিনার স্থাপন করা হয়। একুশ এর প্রথম প্রহরে নবনির্মিত এই শহীদ মিনারে প্রথম বারের মত পুষ্পার্ঘ্য অর্পণ করা হয়।



মুজিব জন্মশতবার্ষিকী উপলক্ষে নাটায় 'বঙ্গবন্ধুর অস্থায়ী প্রতিকৃতি' স্থাপন



আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন

**"বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্নার" এবং 'বঙ্গবন্ধুর অস্থায়ী প্রতিকৃতি' স্থাপন :** নাটার মহাপরিচালক ড. মো. আখতারুজ্জামান মহোদয়ের উদ্যোগে নান্দনিক "বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্নার" স্থাপন করা হয়। "বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্নার" এ বঙ্গবন্ধুর ও আমাদের মহান মুক্তিযুদ্ধ বিষয়ক ৫০৪ টি পুস্তক, বুকসেলফের পাশে বিরাট বাঁধানো বিলবোর্ডে বঙ্গবন্ধুর সংক্ষিপ্ত রাজনৈতিক জীবনী সন্নিবেশিত হয়েছে। সেলফের উপরে একদিকে বাঁধানো বঙ্গবন্ধু পরিবারের ছবি অপর পাশে সংক্ষিপ্ত জীবনী সহ জাতীয় চার নেতার ছবি। নাটার প্রশাসনিক ভবনের সামনের গোলচত্বরের মাঝখানে বঙ্গবন্ধুর একটা বড় অস্থায়ী প্রতিকৃতি স্থাপনসহ একটা বেদীও নির্মাণ করা হয়।

**৭ মার্চ ঐতিহাসিক জাতীয় দিবস পালন:** নাটায় যথাযোগ্য সম্মান ও মর্যাদায় ঐতিহাসিক ৭ মার্চ ও জাতীয় দিবস পালন করা হয়। এ উপলক্ষ্যে বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণের উপরে "বিশ্লেষণধর্মী বুদ্ধিবৃত্তিক আলোচনা সভা" এর আয়োজন করা হয়। ৭ মার্চ জাতীয় দিবস হিসেবে ঘোষণা করে স্বাধীনতা দিবসের সুবর্ণ জয়ন্তীকে বিশেষভাবে সম্মানিত করা হয়েছে। আলোচনা অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মহাপরিচালক (ভারপ্রাপ্ত), ড. মো. আখতারুজ্জামান মহোদয় এবং সভাপতিত্ব করেন মোঃ জামাল উদ্দিন, উপপরিচালক, নাটা । উপস্থিত বক্তারা স্ব স্ব বক্তব্যে বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ মার্চের ভাষণের তাৎপর্যের আবেগীয় বিশ্লেষণ করেন।

**বঙ্গবন্ধুর জন্ম দিবস ও জাতীয় শিশু দিবস উদযাপন :** বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকীর দিনব্যাপী নানা আয়োজনের মধ্যে দিয়ে জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমিতে বঙ্গবন্ধুর ১০১তম জন্মদিন এবং জাতীয় শিশু দিবস উদযাপন অনুষ্ঠানের আয়োজন করা হয়। সকালে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলনসহ নাটায় নবনির্মিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করা হয়। এরপর সকল কর্মকর্তা-কর্মচারীদের নিয়ে সকালে নাটা চত্বরের চারপাশে একটি মঙ্গল শোভাযাত্রা সম্পন্ন করা হয়। বাদ জোহর নাটা জামে মসজিদে বঙ্গবন্ধুর বিদেহী আত্মার মাগফিরাত কামনা করে এক দোয়া মাহফিলের আয়োজন করা হয়। তারপর কেক কাটার পর বঙ্গবন্ধুর জীবন কর্ম ও জাতীয় শিশু দিবসের উপরে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

**মানব জাতির ইতিহাসের কলঙ্কিত ভয়াল রাত ২৫ মার্চ এর শহিদদের স্মরণ:** নাটায় দোয়া মাহফিল ও ব্লাক আউটের মাধ্যমে ইতিহাসের কলঙ্কিত ভয়াল রাত ২৫ মার্চ এর শহিদদের প্রতি বিনম্র শ্রদ্ধা জানানো হয়। সরকারি নির্দেশনানুসারে রাত ৯টা থেকে ৯টা ০১ মিনিট পর্যন্ত প্রতীকী ব্লাক আউটের মাধ্যমে দেশের স্বাধীনতা সংগ্রামে শহীদ হওয়া বীর সেনানীদের প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করা হয়।

**মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও জাতীয় দিবস পালন:** জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমিতে (নাটা)তে উৎসবমুখর পরিবেশে নানান আয়োজনের মধ্যে দিয়ে মহান স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ও জাতীয় দিবস পালন করা হয়। স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর ও বাংলাদেশের স্রষ্টা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশত বার্ষিকী এ দুই কারণে দিনটি উদযাপনে যোগ হয়েছে ভিন্ন মাত্রা। এর সাথে নতুন সংযোজন হয়েছে স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে উত্তরণের জাতিসংঘের চূড়ান্ত সুপারিশ পাওয়ার মত আনন্দঘন সংবাদ প্রাপ্তি। সকাল ৯টায় নাটার মনোরম সবুজ শ্যামলিমায় ঢাকা সৌম্য শান্ত কড়ইতলা চত্বরে নাটার সকল কর্মকর্তা কর্মচারীদের সমন্বয়ে হাঁড়িভাঙ্গা, সুঁইসূতা দৌড়, বল নিক্ষেপ সহ মজাদার সব রম্য খেলাধূলার আয়োজন করা হয়। রম্য ক্রীড়ানুষ্ঠান শেষে নাটার নান্দনিক অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয় "বিভীষিকার কালোরাত পেরিয়ে মুক্তির আলোয় নতুন দেশ বাংলাদেশ" শীর্ষক এক একাডেমিক আলোচনা অনুষ্ঠান। এই আলোচনায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন সিনিয়র সহকারী পরিচালক, কৃষিবিদ মোঃ শরিফ ইকবাল।



৭ মার্চ ঐতিহাসিক জাতীয় দিবস পালন



নাটায় বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্ণার (মন ও মননে বঙ্গবন্ধু)



মুজিব জন্মশতবার্ষিক ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষ্যে শিশু-কিশোরদের জন্য চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন



মুজিব জন্মশতবার্ষিক ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষ্যে কর্মকর্তা কর্মচারিদের সমন্বয়ে হাঁড়িভাঙা, সুঁইসুতা দৌড়, বল নিক্ষেপ সহ মজাদার সব রকম খেলাধুলার আয়োজন

**মুজিব জন্ম শতবার্ষিকী উপলক্ষ্যে নাটা কর্তৃক গৃহীত পদক্ষেপের অংশ বিশেষ**

# ন্যাশনাল এগ্রিকালচারাল রিসার্চ সিস্টেম (এনএআরএস) ভুক্ত প্রতিষ্ঠানের বিজ্ঞানীদের এন ২৭তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠান

জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি, গাজীপুরে তৃতীয়বারের মতো ঘঅজঝ বিজ্ঞানীদের চার (০৪) মাস ব্যাপী বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়। কৃষি মন্ত্রণালয়ের ১০টি প্রতিষ্ঠানের মোট ৪০ জন বিজ্ঞানীর অংশগ্রহনের মধ্য দিয়ে গত ২২ ফেব্রুয়ারী ২০২০ তারিখে এন-২৭ তম ঘঅজঝ বিজ্ঞানীদের বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সটি শুরু হয় এবং কোভিড-১৯ মহামারির কারণে ২৩ মার্চ ২০২০ তারিখে প্রশিক্ষণটি স্থগিত হয়ে যায়। পরবর্তীতে ১৯ ডিসেম্বর ২০২০ তারিখে মোট ৩৭ জন বিজ্ঞানীর অংশগ্রহনের মধ্য দিয়ে স্থগিতকৃত প্রশিক্ষণটি পুনরায় শুরু হয়। আড়ম্বরপূর্ণ উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব মো: মেসবাহুল ইসলাম, সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমির মহাপরিচালক (ভারপ্রাপ্ত) ড. মো: আবু সাঈদ মিঞা।

একাডেমি কর্তৃপক্ষ বুনিয়াদি প্রশিক্ষণ পরিচালনার জন্য কোর্স পরিচালক হিসেবে জনাব মোঃ জামাল উদ্দীন, উপপরিচালক , নাটা; কোর্স কো-অর্ডিনেটর (একাডেমিক) হিসেবে ড. মোঃ জামাল উদ্দীন, উপপরিচালক, নাটা; কোর্স কো-অর্ডিনেটর (এক্সট্রা-একাডেমিক) হিসেবে ড. মোঃ আব্দুল মাজেদ, উপপরিচালক, নাটা; সহকারি কোর্স কো-অর্ডিনেটর (একাডেমিক) হিসেবে নিলুফা আক্তার, সিনিয়র সহকারী পরিচালক, নাটা এবং সহকারি কোর্স কো-অর্ডিনেটর (ফিনান্স) হিসেবে মোছাঃ শারমীন আখতার, সিনিয়র সহকারী পরিচালক, নাটা-কে দায়িত্ব প্রদান করেন। বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে প্রাতিষ্ঠানিক সংযুক্তি, গ্রাম সমীক্ষা ও কার ড্রাইভিংসহ মোট ২৬টি মডিউল অন্তর্ভুক্ত ছিল। তাছাড়া, দেশের খ্যাতনামা বিষয় বিশেষজ্ঞ রিসোর্স স্পিকারের মাধ্যমে সেশন পরিচালনা করা হয়। সম্প্রসারণ বক্তা হিসেবে ড. মোঃ আইনুন নিশাত, বিশিষ্ট পানি বিশেষজ্ঞ; প্রফেসর ড. মোঃ শামছুল আলম, সিনিয়র সচিব ও সদস্য, পরিকল্পনা কমিশন, প্রমূখ উপস্থিত ছিলেন। প্রশিক্ষণার্থীরা প্রশিক্ষণকালীন বিভিন্ন জাতীয় দিবসে অংশগ্রহণসহ মেস নাইট ও গেস্ট নাইটের আয়োজন করে-যা তাদের এক্সট্রা-একাডেমিক জ্ঞানকে আরো সমৃদ্ধ করে।

১৮ মার্চ ২০২১ তারিখে জাকজমকপূর্ণ সমাপনী অনুষ্ঠানের মাধ্যমে এন-২৭ তম NARS বিজ্ঞানীদের বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের সমাপ্তি ঘোষণা করা হয়। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ হাসানুজ্জামান কল্লোল, অতিরিক্ত সচিব (সম্প্রসারণ), কৃষি মন্ত্রণালয়; গেষ্ট অব অনার হিসেবে উপস্থিত ছিলেন ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি, ঢাকা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব ওয়াহিদা আক্তার, অতিরিক্ত সচিব (প্রশাসন), কৃষি মন্ত্রণালয়। এছাড়া বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন সংস্থার প্রধানগণ। প্রশিক্ষণার্থীদের ৩৭ জনই কৃতিত্বের সাথে উত্তীর্ণ হন। এদের মধ্যে ০৬ জন সার্বিক ফলাফল বিবেচনায় বিশেষ অ্যাওয়ার্ডপ্রাপ্ত হন। কোর্স উপদেষ্টা ড. মো. আখতারুজ্জামান, মহাপরিচালক (ভারপ্রাপ্ত) জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি, নাটা, মহোদয় বুনিয়াদি প্রশিক্ষণের ভেন্যু হিসেবে অত্র একাডেমিকে নির্বাচিত করায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে ধন্যবাদ দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষনা করেন।




ন্যাশনাল এগ্রিকালচারাল রিসার্চ সিস্টেম (এনএআরএস) ভুক্ত প্রতিষ্ঠানের বিজ্ঞানীদের ২৭ তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠান

# শুদ্ধাচার পুরস্কার

জাতীয় শুদ্ধাচার কৌশল এর রূপকল্প 'সুখী-সমৃদ্ধ সোনার বাংলা' এবং অভিলক্ষ্য 'রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা'। শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষে শুদ্ধাচার কর্ম- পরিকল্পনায় সরকারি কর্মচারীদের জন্য পুরস্কার প্রদানের কার্যক্রম অন্তর্ভুক্ত হয়েছে। ২০২০-২১ অর্থবছরের জন্য জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান করার নিমিত্ত জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) এর আগ্রহী কর্মচারীগণের নিকট হতে নির্ধারিত ছকে আবেদন আহবান করা হয়। আবেদনগুলো মন্ত্রণালয়ের মন্ত্রিপরিষদ বিভাগের জারিকৃত 'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা ২০১৭' এ বর্ণিত শুদ্ধাচার পুরস্কারের সূচকের আলোকে শুদ্ধাচার পুরস্কার প্রদান সংক্রান্ত কমিটি মূল্যায়ন করে । নীতিমালার অনুচ্ছেদ ৬.৩ এর আলোকে ৩য় গ্রেড হতে ১০ম গ্রেডভূক্ত কর্মকর্তাগণের মধ্য হতে জনাব মো: তাহাজুল ইসলাম, সিনিয়র সহকারী পরিচালক (দানাজাতীয় ও অর্থকরী ফসল) এবং ১১তম গ্রেড হতে ২০তম গ্রেডভুক্ত কর্মচারীগণের মধ্যে জনাব মো: নুরুজ্জামান, ডাটা এন্ট্রি অপারেটর পুরস্কার প্রাপ্তির জন্য মনোনীত হন। মনোনীত কর্মচারীগণকে নীতিমালায় বর্ণিত অনুচ্ছেদ ৭ এর আলোকে এক মাসের মূলবেতনের সমপরিমান অর্থ , সার্টিফিকেট এবং একটি ক্রেস্ট প্রদান করা হয়। ৭ জুন, জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) এর প্রতিষ্ঠা বার্ষিকীর এক আড়ম্বরপূর্ণ অনুষ্ঠানে কৃষি মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোঃ মেসবাহুল ইসলাম মনোনীতদের পুরস্কার প্রদান করেন। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব ওয়াহিদা আক্তার , বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (BARC) এর নির্বাহী চেয়ারম্যান কৃষিবিদ ড. শেখ মোহাম্মদ বখতিয়ার এবং ড. মো. আখতারুজ্জামান, মহাপরিচালক (ভারপ্রাপ্ত), জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা)।



জনাব তাহাজুল ইসলামকে 'শুদ্ধাচার পুরস্কার ২০২০-২১' তুলে দিচ্ছেন
জনাব মো. মেসবাহুল ইসলাম, সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়

# ভ্যালিডেশন ওয়ার্কশপ

জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুর কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন একটি প্রশিক্ষণ একাডেমি। এখানে কৃষি মন্ত্রণালয়ের বিভিন্ন প্রতিষ্ঠানের ৯ম থেকে ৩য় গ্রেড পর্যন্ত অফিসারদের প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকে। কর্মকর্তাদের জ্ঞান এবং দক্ষতা বৃদ্ধির মাধ্যমে দেশের কৃষি উৎপাদনশীলতা বৃদ্ধিতে নাটা বদ্ধ পরিকর। সরকারের বিভিন্ন এজেন্ডা বাস্তবায়ন এবং বিশেষ করে টেকসই উন্নয়ন লক্ষমাত্রা অর্জনের জন্য সময়ে সময়ে কর্মকর্তাদের নতুন নতুন বিষয়ে জ্ঞান এবং দক্ষতা বৃদ্ধির প্রয়োজন হয়। সেই লক্ষ্যমাত্রাকে সামনে রেখে কর্মকর্তাদের চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ আয়োজনের জন্য একাডেমি প্রতিবছর প্রশিক্ষণ পরিকল্পনা তৈরী করে থাকে।

এই প্রশিক্ষণসমূহের বিষয়বস্তু নাটার মিশন এবং ভিশন পূরণে কতটুকু অবদান রাখতে পারবে সে বিষয়ে কৃষি মন্ত্রণালয়াধীন সকল প্রতিষ্ঠান এবং কৃষি বিশ্ববিদ্যালয় সমূহ থেকে অভিজ্ঞজনদের নিয়ে রিভিউ এবং ভ্যালিডেশন ওয়ার্কশপে অংশগ্রহণের জন্য নাটা ক্যাম্পাসে আমন্ত্রণ জানানো হয় । বিশ্বব্যাপি কোভিড-১৯ মহামারির কারণে নাটার ২০২১-২২ অর্থ বছরের রিভিউ এবং ভ্যালিডেশন ওয়ার্কশপ জুম প্ল্যাটফর্মে ২৩ জুন ২০২১ খ্রি. আয়োজন করা হয়। ভ্যালিডেশন ওয়ার্কশপ এর পূর্বপ্রস্তুতি হিসেবে প্রথমে নাটার রাজস্ব অর্থায়নে চলমান ২১টি কোর্সের জন্য কোর্স সমন্বয়ক টিম গঠন করা হয়। এরপর ই-মেইলের মাধ্যমে উক্ত ২১টি কোর্সের কোর্স কন্টেন্ট এর উপর নির্দিষ্ট ছকে, নাটা অনুষদ ও কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমুহের মতামত আহবান করা হয়। সকলের মতামতের ভিত্তিতে নাটার ট্রেইনিং সেলের নির্দেশনা ও আলোচনা সাপেক্ষে প্রতিটি কোর্সের কোর্স সমন্বয়ক টিম তাদের প্রস্তাবিত কোর্সের কন্টেন্ট ভার্চুয়ালি অনুষ্ঠিতব্য ভ্যালিডেশন ওয়ার্কশপে উপস্থাপন করেন। ভ্যালিডেশন ওয়ার্কশপে প্রতিটি কোর্সের কন্টেন্ট এর উপর বিশেষজ্ঞগনের মতামত সংরক্ষণ করা হয় এবং সে অনুযায়ী সংযোজন, বিয়োজন বা পরিমার্জন করে কোর্স কন্টেন্ট চূড়ান্ত করা হয়।

প্রধান অতিথি, কৃষি মন্ত্রণালয় এর অতিরিক্ত সচিব, জনাব ওয়াহিদা আক্তার অনলাইন জুম প্ল্যাটফর্মে ভ্যালিডেশন ওয়ার্কশপের উদ্বোধন ঘোষনা করেন এবং বিভিন্ন উপস্থাপনার উপর তার বিশেষজ্ঞ মতামত প্রদান করেন। ভ্যালিডেশন ওয়ার্কশপের সভাপতিত্ব করেন ড. মো: আখতারুজ্জামান, মহাপরিচালক (ভারপ্রাপ্ত), নাটা। জুম প্ল্যাটফর্মের মাধ্যমে এই ওয়ার্কশপে নাটা অনুষদ ও আমন্ত্রিত বিশেষজ্ঞসহ মোট ৫৫ জন অংশগ্রহন করেন।

সকলের মতামতের ভিত্তিতে প্রয়োজনীয় ক্ষেত্রে কিছু কোর্সের কন্টেন্ট এ পরিবর্তন আনা হয়। Project Appraisal and Formulation of DPP কোর্সটির মেয়াদ ৫ দিন থেকে বাড়িয়ে ১০ দিনে নির্ধারন করা হয়। Advanced ICT Procedure কোর্সটির মেয়াদ ১০ দিন থেকে বাড়িয়ে ১৫ দিনে নির্ধারন করা হয়। এছাড়া Disaster Management এবং Climate Smart Agriculture কোর্স দুটি একত্র করে Disaster Management through Smart Agriculture নামে একটি ৫ দিন ব্যাপি কোর্স পরিচালনার সিদ্ধান্ত নেয়া হয়। বর্তমান সময়ের চাহিদার ভিত্তিতে ১০ দিন ব্যাপি Industrial Revolution 4.0 in Agriculture এবং 15 দিন ব্যাপি Modern Farm Mechanization এই দুইটি নতুন কোর্স ভ্যালিডেশন ওয়ার্কশপে উপস্থাপন করা হয় এবং বিশেষজ্ঞ মতামতের আলোকে ২০২১-২২ অর্থ বছরে পরিচালনার জন্য সিদ্ধান্ত নেয়া হয়।



নাটায় ভ্যালিডেশন ওয়ার্কশপে জুম প্ল্যাটফর্মে বক্তব্য রাখছেন অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়



নাটায় ভ্যালিডেশন ওয়ার্কশপে নাটার ফ্যাকাল্টিবৃন্দ

এছাড়াও জলবায়ু পরিবর্তনের সাথে খাপ খাইয়ে নিতে কিভাবে মহিলাদের অন্তর্ভুক্ত করা যায় সে বিষয়ক একটি সেশন সংশ্লিষ্ট কোর্সসমূহে সংযুক্ত করা হয়। কয়েকটি কোর্সে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের সাথে সংশ্লিষ্টতার লক্ষ্যে কিছু বিষয় অন্তর্ভুক্ত করা হয়। সর্বোপরি, নাটাতে অনুষ্ঠিত প্রশিক্ষণসমূহ কৃষি মন্ত্রণালয়ের অধীন প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধি, বিভিন্ন বিশ্ববিদ্যালয় এবং সরকারের অন্যান্য প্রশিক্ষণ একাডেমির প্রতিনিধিদের উপস্থিতিতে সকলের মতামতের ভিত্তিতে কোর্সসমূহ চূড়ান্ত করা হয়। ভ্যালিডেশন ওয়ার্কশপে নাটার ২০২১-২২ অর্থবছরে রাজস্ব অর্থায়নে চলমান ও নতুন প্রস্তাবিত ২টি সহ মোট ২২টি কোর্সের ভ্যালিডেশন করা হয়, সেগুলো হলো:

| ক্র. নং | কোর্সের নাম | সময়কাল (দিন) |
|---|---|---|
| ১ | Integrated Water Resource Management in Agriculture | ৫ |
| ২ | Project Appraisal and Formulation of DPP | ১০ |
| ৩ | Public Procurement Procedure | ১০ |
| ৪ | TOT on Teaching Methods/ Techniques | ৫ |
| ৫ | Innovation in Public Service | ৫ |
| ৬ | Value Chain Management of Commercially Important Hort. Crops | ৫ |
| ৭ | Disaster Management through Smart Agriculture | ৫ |
| ৮ | Food Processing and Preservation Techniques | ৫ |
| ৯ | Public Financial Management | ৫ |
| ১০ | Advanced ICT | ১৫ |
| ১১ | Eco-Friendly Plant Protection Techniques | ১০ |
| ১২ | Rules & Regulations for Organizational Management | ৫ |
| ১৩ | Soil Health Management | ৫ |
| ১৪ | Seed Technology | ১০ |
| ১৫ | Food Security & Food safety | ৫ |
| ১৬ | Good Agricultural Practices (GAP) | ৫ |
| ১৭ | Modern Office Management | ৫ |
| ১৮ | Commercial Farm Management | ৫ |
| ১৯ | Human Resource Management | ৫ |
| ২০ | Good Governance | ৫ |
| ২১ | Modern Farm Mechanization | ৫ |
| ২২ | Industrial Revolution 4.0 in Agriculture | ১০ |

# বাজেট বাস্তবায়ন পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি

## পরিচালন ব্যয়

(হাজার টাকায়)

| অর্থনৈতিক কোড | আইটেম | প্রাক্কলিত ও প্রকৃত ব্যয়/কোয়ার্টার | | | | মোট বাজেট বরাদ্দ/ প্রাক্কলিত ব্যয় |
|---|---|---|---|---|---|---|
| | | প্রথম কোয়ার্টার | দ্বিতীয় কোয়ার্টার | তৃতীয় কোয়ার্টার | চতুর্থ কোয়ার্টার | |
| | রাজস্ব ব্যয় | | | | | |
| ৩১ | কর্মচারীদের প্রতিদান | | | | | |
| ৩১১১ | নগদ মজুরী ও বেতন | | | | | |
| ৩১১১১০১ | মূল বেতন (অফিসার) | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ৫৭৫৬.০০ | ৫৭৫৬.০০ | ৫৭৫৭.০০ | ৫৭৫৬.০০ | ২৩০২৫.০০ |
| | প্রকৃত | ৫৩৮৪.৩৮ | ৫৭৩৪.৭৫ | ৬১২১.৯৬ | ৫৪৬০.৭৬ | ২২৭০১.৮৫ |
| ৩১১১২০১ | মূল বেতন (কর্মচারী) | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ১৬২৫.০০ | ১৬২৫.০০ | ১৬২৫.০০ | ১৬২৫.০০ | ৬৫০০.০০ |
| | প্রকৃত | ১৫১০.১২ | ১৭২২.২৫ | ৯৯৮.৭৭ | ১০০৬.৪৩ | ৫২৩৭.৫৭ |
| ৩১১১৩০১ | দায়িত্ব ভাতা | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ৯.০০ | ৯.০০ | ৯.০০ | ৯.০০ | ৩৬.০০ |
| | প্রকৃত | ৯.০০ | ৯.০০ | ১২.০০ | ১৩.৫০ | ৪৩.৫০ |
| ৩১১১৩০২ | যাতায়াত ভাতা | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ২৫.০০ | ২৫.০০ | ৪০.০০ | ২৫.০০ | ১১৫.০০ |
| | প্রকৃত | ৩১.৫০ | ২৭.৯০ | ২৪.৫২ | ২৩.৭০ | ১০৭.৬২ |
| ৩১১১৩০৬ | শিক্ষা ভাতা | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ৭৫.০০ | ৭৫.০০ | ১২৫.০০ | ৭৫.০০ | ৩৫০.০০ |
| | প্রকৃত | ৭৭.০০ | ৭৬.৯৭ | ৭১.০০ | ৬২.০০ | ২৮৬.৯৭ |
| ৩১১১৩১০ | বাড়িভাড়া ভাতা | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ২৫০০.০০ | ২৫০০.০০ | ২৫০০.০০ | ১৩৫০.০০ | ৮৮৫০.০০ |
| | প্রকৃত | ২০৩২.২৯ | ১৯৯৩.৬২ | ২১০৯.৭৩ | ১৮৬২.৬১ | ৭৯৯৮.২৫ |
| ৩১১১৩১১ | চিকিৎসা ভাতা | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ৩২৫.০০ | ৩২৫.০০ | ৩২৫.০০ | ৩২৫.০০ | ১৩০০.০০ |
| | প্রকৃত | ৩১৯.৫০ | ৩১৯.৫০ | ৩১৬.১১ | ২৯৫.৫০ | ১২৫০.৬১ |
| ৩১১১৩১২ | মোবাইল/সেলফোন ভাতা | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ২৫.০০ | ৫০.০০ | ৫০.০০ | ২৫.০০ | ১৫০.০০ |
| | প্রকৃত | ৩৩.৭৬ | ৩৮.০০ | ৩৬.০০ | ৩২.৫০ | ১৪০.২৬ |
| ৩১১১৩১৩ | আবাসিক টেলিফোন নগদায়ন ভাতা | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ১২৫.০০ | ১২৫.০০ | ১২৫.০০ | ১২৫.০০ | ৫০০.০০ |
| | প্রকৃত | ১০৮.৫৮ | ১২৪.৪০ | ১২৬.৭০ | ১৩০.৮৪ | ৪৯০.৫২ |
| ৩১১১৩১৪ | টিফিন ভাতা | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ২০.০০ | ২০.০০ | ২০.০০ | ২০.০০ | ৮০.০০ |
| | প্রকৃত | ২১.০০ | ১৮.৬০ | ১৬.৩৫ | ১৫.৮০ | ৭১.৭৫ |
| ৩১১১৩১৬ | ধোলাই ভাতা | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ২.০০ | ৩.০০ | ৩.০০ | ২.০০ | ১০.০০ |
| | প্রকৃত | ১.৫০ | ১.৫০ | ১.৬০ | ১.৬৫ | ৬.২৫ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৩১১১৩২৫ | উৎসব ভাতা | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ২৫০০.০০ | ০.০০ | ০.০০ | ২৫০০.০০ | ৫০০০.০০ |
| | প্রকৃত | ২৩৫৬.৩২ | ১২৮.১২ | ০.০০ | ২০০১.২০ | ৪৪৮৫.৬৪ |
| ৩১১১৩২৭ | অধিকাল ভাতা | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ৩৭.০০ | ৩৭.০০ | ৩৮.০০ | ৩৮.০০ | ১৫০.০০ |
| | প্রকৃত | ৭.৮০ | ১২.১৭ | ২০.১৪ | ৬৬.০৫ | ১০৬.১৬ |
| ৩১১১৩২৮ | শান্তি ও বিনোদন ভাতা | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ৩০০.০০ | ৩০০.০০ | ২০০.০০ | ০.০০ | ৮০০.০০ |
| | প্রকৃত | ২৪৫.০৭ | ৩২৩.৭২ | ১০৮.২০ | ৮৪.৫৯ | ৭৬১.৫৮ |
| ৩১১১৩৩১ | আপ্যায়ন ভাতা | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ৩.০০ | ৩.০০ | ৩.০০ | ৩.০০ | ১২.০০ |
| | প্রকৃত | ১.৮০ | ২.৪০ | ২.৪০ | ১.৮০ | ৮.৪০ |
| ৩১১১৩৩৫ | বাংলা নববর্ষ ভাতা | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ৪৭০.০০ | ৪৭০.০০ |
| | প্রকৃত | ০.০০ | ০.০০ | ০.০০ | ৪২০.২৫ | ৪২০.২৫ |
| ৩১১১৩৩৮ | অন্যান্য ভাতা | | | | | ০.০০ |
| | প্রাক্কলিত ব্যয় | ৬০০.০০ | ৬০০.০০ | ৬০০.০০ | ৬০০.০০ | ২৪০০.০০ |
| | প্রকৃত | ৬০৩.৭৪ | ৬২৭.১৮ | ৬৭৪.১২ | ৫৮৮.৫২ | ২৪৯৩.৫৬ |
| উপমোট-কর্মচারীদের প্রতিদান | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ১৩৯২৭.০০ | ১১৪৫৩.০০ | ১১৪২০.০০ | ১২৯৪৮.০০ | ৪৯৭৪৮.০০ |
| | প্রকৃত | ১২৭৪৩.৩৬ | ১১১৬০.০৮ | ১০৬৫৯.৭০ | ১২০৬৭.৭০ | ৪৬৬৩০.৮৪ |
| ৩২ | পণ্য ও সেবার ব্যবহার | | | | | |
| ৩২১১১০১ | পুরস্কার | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ১৫০.০০ | ১৫০.০০ |
| | প্রকৃত | ০.০০ | ০.০০ | ০.০০ | ৮৯.৩৪ | ৮৯.৩৪ |
| ৩২১১১০২ | পরিষ্কার পরিচ্ছন্নতা | | | | | ০.০০ |
| | প্রাক্কলিত ব্যয় | ০.০০ | ৩০০.০০ | ০.০০ | ০.০০ | ৩০০.০০ |
| | প্রকৃত | ০.০০ | ১০.০০ | ২০.৯৪ | ২৪১.৪৪ | ২৭২.৩৮ |
| ৩২১১১০৬ | আপ্যায়ন ব্যয় | | | | | ০.০০ |
| | প্রাক্কলিত ব্যয় | ২৪.০০ | ২৪.০০ | ২৪.০০ | ২৩.০০ | ৯৫.০০ |
| | প্রকৃত | ০.০০ | ২৭.১২ | ১৭.২৮ | ৫০.৪৮ | ৯৪.৮৮ |
| ৩২১১১০৭ | যানবাহন ব্যবহার (চুক্তিভিত্তিক) | | | | | ০.০০ |
| | প্রাক্কলিত ব্যয় | ৮০০.০০ | ৯০০.০০ | ৯০০.০০ | ৯০০.০০ | ৩৫০০.০০ |
| | প্রকৃত | ৫৫.০০ | ৪৯৯.০০ | ৫২৮.২০ | ৪৮৫.০০ | ১৫৬৭.২০ |
| ৩২১১১০৯ | সাকুল্য বেতন (সরকারী কর্মচারী ব্যতীত) | | | | | ০.০০ |
| | প্রাক্কলিত ব্যয় | ২০০০.০০ | ৫০০.০০ | ৫০০.০০ | ৫০০.০০ | ৩৫০০.০০ |
| | প্রকৃত | ১৮১৫.৪৫ | ৪৫৮.৩০ | ৪৬৬.০৫ | ৭৫৯.৪৫ | ৩৪৯৯.২৫ |
| ৩২১১১১১ | সেমিনার/ কনফারেন্স ব্যয় | | | | | ০.০০ |
| | প্রাক্কলিত ব্যয় | ০.০০ | ২০০.০০ | ০.০০ | ২০০.০০ | ৪০০.০০ |
| | প্রকৃত | ০.০০ | ০.০০ | ১৫৫.৬০ | ১০৩.৭০ | ২৫৯.৩০ |
| ৩২১১১১৩ | বিদ্যুৎ | | | | | ০.০০ |
| | প্রাক্কলিত ব্যয় | ৭৫০.০০ | ৮০০.০০ | ৮০০.০০ | ৮০০.০০ | ৩১৫০.০০ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | প্রকৃত | ৭৪১.২২ | ৬৭২.০৫ | ৩৪৫.৬৮ | ৯০২.৭৭ | ২৬৬১.৭২ |
| ৩২১১১১৭ | ইন্টারনেট/ফ্যাক্স/টেলেক্স | | | | | ০.০০ |
| | প্রাক্কলিত ব্যয় | ১২৫.০০ | ১২৫.০০ | ১২৫.০০ | ১২৫.০০ | ৫০০.০০ |
| | প্রকৃত | ৬৪.২৬ | ৩২.১৩ | ১৫৭.৩২ | ২২৮.৩৫ | ৪৮২.০৬ |
| ৩২১১১১৯ | ডাক | | | | | ০.০০ |
| | প্রাক্কলিত ব্যয় | ১.০০ | ১.০০ | ১.০০ | ২.০০ | ৫.০০ |
| | প্রকৃত | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৩২১১১২০ | টেলিফোন | | | | | ০.০০ |
| | প্রাক্কলিত ব্যয় | ৭৫.০০ | ৭৫.০০ | ৭৫.০০ | ৭৫.০০ | ৩০০.০০ |
| | প্রকৃত | ০.০০ | ০.০০ | ৫০.২০ | ৩২.৩৪ | ৮২.৫৪ |
| ৩২১১১২৫ | প্রচার ও বিজ্ঞাপন ব্যয় | | | | | ০.০০ |
| | প্রাক্কলিত ব্যয় | ৭৫.০০ | ৭৫.০০ | ৭৫.০০ | ৭৫.০০ | ৩০০.০০ |
| | প্রকৃত | ০.০০ | ৬৯.৬৬ | ২২১.৬৭ | ০.০০ | ২৯১.৩৩ |
| ৩২১১১২৭ | বইপত্র ও সাময়িকী | | | | | ০.০০ |
| | প্রাক্কলিত ব্যয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| | প্রকৃত | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৩২১১১৩১ | আউট সোর্সিং | | | | | ০.০০ |
| | প্রাক্কলিত ব্যয় | ২৩৭৫.০০ | ২৩৭৫.০০ | ২৩৭৫.০০ | ২৩৭৫.০০ | ৯৫০০.০০ |
| | প্রকৃত | ১৩৪৪.১৪ | ২০১৮.৯০ | ২০৩১.৮৬ | ৩৫৪৮.৬৪ | ৮৯৪৩.৫৪ |
| ৩২১১১৩৫ | নিয়োগ পরীক্ষা | | | | | ০.০০ |
| | প্রাক্কলিত ব্যয় | ০.০০ | ১০০০.০০ | ০.০০ | ০.০০ | ১০০০.০০ |
| | প্রকৃত | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৩২২১১০৯ | ব্যবস্থাপনা ব্যয় | | | | | ০.০০ |
| | প্রাক্কলিত ব্যয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| | প্রকৃত | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৩২২১১১২ | পরীক্ষার ফি | | | | | ০.০০ |
| | প্রাক্কলিত ব্যয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| | প্রকৃত | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৩২৩১৩০১ | প্রশিক্ষণ | | | | | ০.০০ |
| | প্রাক্কলিত ব্যয় | ১৫০০.০০ | ২৩০০.০০ | ২২০০.০০ | ১৫০০.০০ | ৭৫০০.০০ |
| | প্রকৃত | ৪৯০.৬২ | ২৭৯৮.৬১ | ১৮২৪.১৪ | ৪৮৫.২২ | ৫৫৯৮.৫৯ |
| ৩২৪৩১০১ | পেট্রোল,ওয়েল ও লুব্রিকেন্ট | | | | | ০.০০ |
| | প্রাক্কলিত ব্যয় | ৭৫.০০ | ৭৫.০০ | ১২৫.০০ | ৭৫.০০ | ৩৫০.০০ |
| | প্রকৃত | ৪৭.৬৬ | ৮৯.০৩ | ১০৮.০৯ | ১০৪.৮০ | ৩৪৯.৫৮ |
| ৩২৪৩১০২ | গ্যাস ও জ্বালানী | | | | | ০.০০ |
| | প্রাক্কলিত ব্যয় | ১৫০.০০ | ১৫০.০০ | ২০০.০০ | ১৫০.০০ | ৬৫০.০০ |
| | প্রকৃত | ৫৩.৯০ | ৬৯.৪৩ | ৩৬৬.৩২ | ১৫৯.৭১ | ৬৪৩.৩৬ |
| ৩২৪৪১০১ | ভ্রমণ ব্যয় | | | | | ০.০০ |
| | প্রাক্কলিত ব্যয় | ১০০.০০ | ১০০.০০ | ১০০.০০ | ৭৫.০০ | ৩৭৫.০০ |
| | প্রকৃত | ১৫.১৩ | ৭১.৯৫ | ৪৪.৬৫ | ২৪১.৭৭ | ৩৭৩.৫০ |
| ৩২৫১১০৫ | সার | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ০.০০ | ৫০.০০ | ৫০.০০ | ০.০০ | ১০০.০০ |
| | প্রকৃত | ০.০০ | ০.০০ | ২৪.৫০ | ০.০০ | ২৪.৫০ |
| ৩২৫১১০৭ | কীটনাশক | | | | | ০.০০ |
| | প্রাক্কলিত ব্যয় | ১২.০০ | ১৩.০০ | ১৩.০০ | ১২.০০ | ৫০.০০ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | প্রকৃত | ০.০০ | ১৬.১৪ | ২৪.৯৩ | ০.০০ | ৪১.০৭ |
| ৩২৫১১০৯ | বীজ ও চারা | | | | | ০.০০ |
| | প্রাক্কলিত ব্যয় | ২৫.০০ | ৫০.০০ | ২৫.০০ | ০.০০ | ১০০.০০ |
| | প্রকৃত | ০.০০ | ২৪.০০ | ২.০০ | ০.০০ | ২৬.০০ |
| ৩২৫২১০৫ | চিকিৎসা ও শল্য চিকিৎসা সরঞ্জামাদি সরবরাহ | | | | | ০.০০ |
| | প্রাক্কলিত ব্যয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| | প্রকৃত | % . | % . | % . | % . | % . |
| ৩২৫৩১০৩ | নিরাপত্তা সেবা | | | | | ০.০০ |
| | প্রাক্কলিত ব্যয় | ১০৬০.০০ | ৮৭৩.০০ | ৯১০.০০ | ১০২০.০০ | ৩৮৬৩.০০ |
| | প্রকৃত | ৭৭৮.৪৭ | ৮৩৬.৪৬ | ৮৫১.৯০ | ১৩৫২.০৭ | ৩৮১৮.৯০ |
| ৩২৫৫১০১ | কম্পিউটার সামগ্রী | | | | | ০.০০ |
| | প্রাক্কলিত ব্যয় | ০.০০ | ০.০০ | ৬০.০০ | ৪০.০০ | ১০০.০০ |
| | প্রকৃত | ০.০০ | ০.০০ | ৫১.৩৯ | ৪৬.৬০ | ৯৭.৯৯ |
| ৩২৫৫১০২ | মুদ্রণ ও বাঁধাই | | | | | ০.০০ |
| | প্রাক্কলিত ব্যয় | ১০০.০০ | ১০০.০০ | ২০০.০০ | ২৫০.০০ | ৬৫০.০০ |
| | প্রকৃত | ০.০০ | ৪৪.৩০ | ১০৯.৩৬ | ৪৮০.০০ | ৬৩৩.৬৬ |
| ৩২৫৫১০৪ | ষ্টাম্প ও সীল | | | | | ০.০০ |
| | প্রাক্কলিত ব্যয় | ৪.০০ | ৭.০০ | ৬.০০ | ৬.০০ | ২৩.০০ |
| | প্রকৃত | ৭.৫৩ | ৩.২৬ | ৪.৭৫ | ১.৪০ | ১৬.৯৪ |
| ৩২৫৫১০৫ | অন্যান্য মনিহারি | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ২০০.০০ | ২০০.০০ | ২০০.০০ | ২০০.০০ | ৮০০.০০ |
| | প্রকৃত | ১৫.৫৬ | ৮৮.৮৫ | ১৬৫.২৮ | ৫০০.০৪ | ৭৬৯.৭৩ |
| ৩২৫৬১০২ | রাসায়নিক | | | | | ০.০০ |
| | প্রাক্কলিত ব্যয় | ০.০০ | ৩০.০০ | ০.০০ | ০.০০ | ৩০.০০ |
| | প্রকৃত | ০.০০ | ০.০০ | ০.০০ | ২৯.৪০ | ২৯.৪০ |
| ৩২৫৬১০৩ | ব্যবহার্য দ্রব্যাদি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| | প্রাক্কলিত ব্যয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| | প্রকৃত | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৩২৫৬১০৬ | পোশাক | | | | | ০.০০ |
| | প্রাক্কলিত ব্যয় | ০.০০ | ১০০.০০ | ৫০.০০ | ০.০০ | ১৫০.০০ |
| | প্রকৃত | ০.০০ | ০.০০ | ০.০০ | ৯৩.৪৩ | ৯৩.৪৩ |
| ৩২৫৭৩০১ | গবেষণা | | | | | ০.০০ |
| | প্রাক্কলিত ব্যয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| | প্রকৃত | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৩২৫৭১০৬ | তদারক | | | | | ০.০০ |
| | প্রাক্কলিত ব্যয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| | প্রকৃত | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৩২৫৭২০৬ | সম্মানি/ পারিতোষিক | | | | | ০.০০ |
| | প্রাক্কলিত ব্যয় | ৭৫.০০ | ৭৫.০০ | ৭৫.০০ | ৭৫.০০ | ৩০০.০০ |
| | প্রকৃত | ৩৪.০০ | ০.০০ | ৪৩.৮০ | ৯৫.৪০ | ১৭৩.২০ |
| ৩২৫৭৩০১ | অনুষ্ঠান/ উৎসবাদি | | | | | ০.০০ |
| | প্রাক্কলিত ব্যয় | ০.০০ | ১০০.০০ | ১০০.০০ | ০.০০ | ২০০.০০ |
| | প্রকৃত | ১.২০ | ১৪.২১ | ৫.৯৬ | ১৫২.৭১ | ১৭৩.৯৮ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| উপমোট-পণ্য ও সেবার ব্যবহার | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ৯৫২৬.০০ | ১০৫৯৮.০০ | ৯১৮৯.০০ | ৮৬২৮.০০ | ৩৭৯৪১.০০ |
| | প্রকৃত | ৫৪৬৪.১৪ | ৭৮৪০.৪০ | ৭৬২১.৭৭ | ১০১৮১.১৬ | ৩১১০৭.৪৭ |
| ৩২৫৮ | মেরামত ও সংরক্ষণ | | | | | |
| ৩২৫৮১০১ | মোটরযান | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ৬০.০০ | ৬৫.০০ | ১১৫.০০ | ৬০.০০ | ৩০০.০০ |
| | প্রকৃত | ০.০০ | ১০.৭৬ | ৩৮.৪৩ | ২০০.৮৬ | ২৫০.০৫ |
| ৩২৫৮১০২ | আসবাবপত্র | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ৩৭.০০ | ৩৮.০০ | ৩৮.০০ | ৩৭.০০ | ১৫০.০০ |
| | প্রকৃত | ০.০০ | ০.০০ | ০.০০ | ১৪৭.৭০ | ১৪৭.৭০ |
| ৩২৫৮১০৩ | কম্পিউটার | | | | | |
